হৃদয়ে লাল সবুজ

আমাদের সূর্যোদয়

বর্ষ ৪ ঃ সংখ্যা-১৯ ঃ মেহেরপুর-শনিবার ১ নভেম্বর ২০২৫ ইং ঃ ১৬ কার্তিক ১৪৩২ বাংলা ঃ ৯ জমা ,আউ ১৪৪৭ হিজরি ঃ পৃষ্ঠা-০৪ মূল্য-৪.০০ টাকা www.amadersurjodoy.com

জন্মদিনের আগেই চমক, নতুন সিনেমার নাম ঘিরে ধোঁয়াশা শাহরুখের -পৃষ্ঠা-৩

শেষ হয়েছে জাতীয় ঐকমত্য কমিশনের মেয়াদ

সূর্যোদয় প্রতিবেদন

অন্তর্বর্তী সরকারের প্রধান উপদেষ্টা অধ্যাপক মুহাম্মদ ইউনূসকে সভাপতি করে গঠিত জাতীয় ঐকমত্য কমিশন আজ (৩১ অক্টোবর) তার মেয়াদ শেষ করছে। চলতি বছরের ১২ ফেব্রুয়ারি গঠিত এই কমিশনের সহসভাপতি ছিলেন সংবিধান সংস্কার কমিশনের প্রধান অধ্যাপক আলী রীয়াজ।

কমিশনের অন্যান্য সদস্য ছিলেন: জনপ্রশাসন সংস্কার কমিশনের প্রধান আব্দুল মুয়ীদ চৌধুরী, পুলিশ সংস্কার কমিশনের প্রধান সফররাজ হোসেন,

নির্বাচনব্যবস্থা সংস্কার কমিশনের প্রধান বদিউল আলম মজুমদার, বিচার বিভাগ সংস্কার কমিশনের প্রধান বিচারপতি এমদাদুল হক, দুর্নীতি দমন কমিশন সংস্কারের প্রধান ড. ইফতেখারুজ্জামান, অন্তর্বর্তী সরকারের প্রধান উপদেষ্টা বিশেষ সহকারী মনির হায়দার। প্রতিবেদন দাখিলের জন্য মূলত ছয় মাস মেয়াদ দেওয়া হয়েছিল। তাই প্রথমে মেয়াদ শেষ হওয়ার দিন ছিল ১৫

২-এর পৃষ্ঠা দেখুন

ফেসবুকে মানবিক সহায়তার নামে প্রতারণা!

মেহেরপুরে সক্রিয় একাধিক চক্র

নিজস্ব প্রতিবেদক

ফেসবুকে অসহায় মানুষের ছবি ও মানবিক আবেদন ব্যবহার করে লাখ লাখ টাকা হাতিয়ে নিচ্ছে প্রতারক চক্র। চিকিৎসা, আর্থিক সহায়তা কিংবা রক্তদানের পোস্ট কপি করে নিজেদের তৈরি করা ভুয়া ফেসবুক আইডি, পেজ ও গ্রুপে ছড়িয়ে দিচ্ছে তারা। এরপর মূল পোস্টের বিকাশ, নগদ বা রকেট নম্বর বাদ দিয়ে বসিয়ে দিচ্ছে নিজেদের নম্বর। ফলে সহৃদয় মানুষরা প্রতারণার শিকার হচ্ছেনড়ভেবে নিচ্ছেন, তারা প্রকৃত অসহায়কে সাহায্য করছেন। প্রতিমাসে অন্তত ২০ থেকে ২৫ জন সহযোগী এই প্রতারণার ফাঁদে পড়ছেন বলে জানা গেছে। বেশিরভাগ দাতাই বুঝতে পারেন না, তাদের পাঠানো অর্থ প্রকৃত সাহায্যপ্রার্থীর কাছে পৌঁছায়নি। তথ্যপ্রযুক্তির যুগে সামাজিক যোগাযোগমাধ্যম এখন সমাজসেবার বড় প্ল্যাটফর্ম। কিন্তু সেই মানবিকতাকেই হাতিয়ার বানিয়ে সক্রিয় হয়েছে একদল প্রতারক। মেহেরপুর জেলার বিভিন্ন গ্রাম, ইউনিয়ন ও শহরভিত্তিক নামে অসংখ্য ভুয়া ফেসবুক পেজ ও গ্রুপ গড়ে



উঠেছে। তবে এসবের বিরুদ্ধে এখনো কোনো কার্যকর পদক্ষেপ নেয়নি আইন-শৃঙ্খলা বাহিনী। ফলে দিন দিন প্রতারণা ছড়িয়ে পড়ছে সর্বত্র। মেহেরপুর শহরের মহব্বত আলী নামের এক ব্যক্তি বলেন, "আমার ছেলে ক্যান্সারে আক্রান্ত হয়ে মারা গেছে ছয় মাস আগে। কিন্তু হঠাৎ দেখি, ফেসবুকে তার নামে 'নীলবেদনা' নামের একটি পেজ থেকে চিকিৎসা সহায়তা চাওয়া হচ্ছে। পোস্টে দেওয়া মোবাইল নম্বর আমাদের পরিবারের কারো নয়। ফোন করলে এক নারী উত্তর দেয়, আমি পরিচয় দেওয়ার পরই ফোন কেটে দেয় এবং পরে ব্লক করে।"

ঢাকার ব্যবসায়ী জাহিদ হাসান বলেন, "ফেসবুকে দেখি মেহেরপুরের আমঝুপির একটি মাদ্রাসার জন্য ৫০টি কোরআন শরিফ কেনার অনুরোধ জানানো হয়েছে। নিজ গ্রামের নাম দেখে সাহায্য করতে চেয়েছিলাম। পরে বাড়ি গিয়ে খোঁজ নিয়ে দেখি, এমন কোনো মাদ্রাসাই সেখানে নেই।"

স্থানীয় পত্রিকা আমাদের সূর্যোদয়-এর ভারপ্রাপ্ত সম্পাদক মাহবুবুল হক বলেন, "করোনাকালে 'পরিবর্তনের মেহেরপুর' নামে একটি ফেসবুক পেজ অন্যান্য সংগঠনের তুলনায় অনেক বেশি দামে অক্সিজেন সেবা দিত। আমি বিষয়টি নিয়ে প্রশ্ন তুললে তারা

২-এর পৃষ্ঠা দেখুন

মেহেরপুরে অনুমোদনহীন ক্লিনিক ব্যবসা 'ক্লিনিক পাড়া'তে চলছে দৌরাত্ম্য

নিজস্ব প্রতিবেদক

কোনো অনুমোদন ছাড়াই মেহেরপুরে এখন জমজমাট ক্লিনিক ব্যবসা। চিকিৎসক, জনপ্রতিনিধি ও প্রভাবশালীদের নিয়ন্ত্রণে গড়ে উঠেছে এই ব্যবসা। জেলার ৮০ ভাগ বেসরকারি ক্লিনিকই বৈধ লাইসেন্স ও শর্তাবলি পূরণ না করেই চিকিৎসা কার্যক্রম পরিচালনা করছে বলে অভিযোগ উঠেছে। জেলা সদর হাসপাতালের দক্ষিণ পাশে নির্মিত হচ্ছে নার্সিং ইনস্টিটিউট। এর পূর্ব, পশ্চিম ও উত্তর দিকজুড়ে ছড়িয়ে আছে অসংখ্য বেসরকারি ক্লিনিক। এক সময় এই এলাকার নাম ছিল 'ওয়াবদাপাড়া'। এখন স্থানীয়রা একে ডাকছেন 'ক্লিনিক পাড়া' নামে। এই এলাকায় এখন প্রায় ২০টি ক্লিনিক অবাধে ব্যবসা করছে। ভুক্তভোগীদের অভিযোগ, এসব ক্লিনিকের দালালচক্র সরকারি হাসপাতালে রোগী যেতে বাধা দেয়। সরকারি হাসপাতালে সেবা নিতে এলে রোগীদের নানা কৌশলে বেসরকারি ক্লিনিকে পাঠানো হয়। এতে রোগীরা বাধ্য হয়ে সরকারি হাসপাতালের চেয়ে কয়েকগুণ বেশি টাকা খরচ করছেন। অভিযোগ আছে, সরকারি হাসপাতালের অনেক চিকিৎসক ও সেবিকাই এসব ক্লিনিকের সঙ্গে সরাসরি জড়িত। সরকারি দায়িত্বে থাকা অবস্থায়ও তারা রোগীদের নিজের ক্লিনিকে পাঠিয়ে দিচ্ছেন। ফলে সরকারি হাসপাতালের প্রতি সাধারণ মানুষের আস্থা কমে যাচ্ছে। জেলা সিভিল সার্জন অফিসের তথ্য অনুযায়ী, মেহেরপুরে বর্তমানে নিবন্ধিত ক্লিনিকের সংখ্যা ৬৩টি। তবে তালিকার বাইরে ছোট-বড় আরও অন্তত ৩০টি ক্লিনিক

২-এর পৃষ্ঠা দেখুন

গিয়াস মিষ্টান্ন ভান্ডার: ঐতিহ্য আর আধুনিক স্বাদের মিলন

ঐতিহ্যবাহী নতুন অধ্যায় শুরু হবে শিল্টনের হাতে

নিজস্ব প্রতিবেদক

মেহেরপুরের ঐতিহ্যবাহী " মিষ্টান্ন শিল্পে নতুন প্রাণ সঞ্চার করতে এগিয়ে এসেছেন তরুণ উদ্যোক্তা আলমগীর বাদশা (শিল্টন)। তার পিতা, হাজী মরহুম গিয়াস উদ্দিন, ১৯৬৫ সালে প্রতিষ্ঠা করেন গিয়াস মিষ্টান্ন ভান্ডার, যা টানা ছয় দশক ধরে

২-এর পৃষ্ঠা দেখুন

বড়বাজারে বিএনপির গণসংযোগ ও লিফলেট বিতরণ

নিজস্ব প্রতিবেদক

বিএনপির ৩১ দফা দাবি প্রচারে মেহেরপুরে গণসংযোগ ও লিফলেট বিতরণ কর্মসূচি অনুষ্ঠিত হয়েছে। গতকাল শুক্রবার (৩১ অক্টোবর) সকালে শহরের বড়বাজার এলাকায় জেলা বিএনপির সাধারণ সম্পাদক অ্যাডভোকেট কামরুল হাসানের নেতৃত্বে এ কর্মসূচি অনুষ্ঠিত হয়।

২-এর পৃষ্ঠা দেখুন

দৌলতপুরে জমি দখল সংঘর্ষ: নিরীহদের মামলায় আসামি করার অভিযোগ

নিজস্ব প্রতিবেদক. কুষ্টিয়া

কুষ্টিয়ার দৌলতপুরে পদ্মা নদীর দুর্গম চরে জমি দখল নিয়ে সংঘর্ষে নিহতদের সঙ্গে সম্পর্ক না থাকা ব্যক্তিদের আসামি করা হয়েছে বলে অভিযোগ উঠেছে। গত বুধবার বিকেলে নিহত মণ্ডল গ্রুপের পক্ষ থেকে ২৩ জনকে আসামি করে দৌলতপুর থানায় মামলা দায়ের করা হয়।

পুলিশ জানিয়েছে, শনিবার সকালে রাজশাহীর বাঘা উপজেলার মণ্ডল গ্রুপের সঙ্গে দৌলতপুরের প্রকৌশলী কাকন বাহিনীর সংঘর্ষে তিনজন নিহত হন। নিহতরা হলেন: আমান মণ্ডল (৩৬), নাজমুল মণ্ডল

২-এর পৃষ্ঠা দেখুন

কুলবাড়িয়ায় ধানের শীষের পক্ষে গণসংযোগ

নিজস্ব প্রতিবেদক

মেহেরপুর সদর উপজেলার কুলবাড়িয়ায় বিএনপির উদ্যোগে ধানের শীষের পক্ষে একটি গণসংযোগ অনুষ্ঠিত হয়েছে।গতকাল শুক্রবার বিকেলে মেহেরপুর-১ আসনের সাবেক সংসদ সদস্য মাসুদ অরুনের নেতৃত্বে কুলবাড়িয়া বাজার এলাকায় এ কর্মসূচি অনুষ্ঠিত হয়। গণসংযোগে জেলা বিএনপির সাবেক সহ-সাংগঠনিক সম্পাদক

২-এর পৃষ্ঠা দেখুন

রাইপুরে বিএনপির বর্ণাঢ্য র‍্যালী ও পথসভা

নিজস্ব প্রতিবেদক

মেহেরপুরের গাংনী উপজেলার রাইপুর ইউনিয়ন বিএনপির উদ্যোগে গতকাল শুক্রবার বিকালে রাইপুর মাধ্যমিক বিদ্যালয় মাঠে বর্ণাঢ্য র?্যালী ও পথসভা অনুষ্ঠিত হয়েছে। সভায় প্রধান অতিথি ছিলেন জেলা বিএনপির সাবেক সভাপতি ও সাবেক সংসদ সদস্য আলহাজ্ব আমজাদ হোসেন। সভায় প্রধান বক্তা ছিলেন উপজেলা বিএনপির সাবেক সাধারণ সম্পাদক আসাদুজ্জামান বাবলু। বিশেষ অতিথি ছিলেন জেলা কৃষকদলের আহ্বায়ক মাহবুবুর রহমান, উপজেলা যুবদলের সভাপতি

২-এর পৃষ্ঠা দেখুন

ইসকন নিষিদ্ধের দাবিতে বিক্ষোভ

সূর্যোদয় প্রতিবেদন

ইসকনকে (আন্তর্জাতিক কৃষ্ণভাবনামৃত সংঘ) নিষিদ্ধের দাবি জানিয়েছে আহলে হাদীছ আন্দোলন বাংলাদেশ। সংগঠনটির পক্ষ থেকে বলা হয়েছে, ইসকনের কর্মকাণ্ড বাংলাদেশের স্বাধীনতা, সার্বভৌমত্ব ও ধর্মীয় সম্প্রীতির জন্য হুমকিস্বরূপ। তাই এই সংগঠনের কার্যক্রম দ্রুত তদন্ত করে নিষিদ্ধ ঘোষণা এবং দেশের বিরুদ্ধে ষড়যন্ত্রে জড়িতদের কঠোর আইনি ব্যবস্থার আওতায় আনার দাবি জানানো হয়েছে। শুক্রবার (৩১ অক্টোবর) বায়তুল মোকাররম জাতীয় মসজিদের উত্তর গেটে জুমার নামাজের পর আয়োজিত এক মানববন্ধন ও প্রতিবাদ সমাবেশে এসব দাবি জানায় সংগঠনটি। সমাবেশে সভাপতিত্ব করেন আহলে হাদীছ

২-এর পৃষ্ঠা দেখুন

এনসিপির সাংগঠনিক সভা ও রাজনৈতিক কর্মশালা

নিজস্ব প্রতিবেদক

মেহেরপুরে জাতীয় নাগরিক পার্টি (এনসিপি)-এর সাংগঠনিক সভা ও রাজনৈতিক কর্মশালা অনুষ্ঠিত হয়েছে।গতকাল শুক্রবার বিকেল ৪টায় জেলা কার্যালয়ে এ সভার আয়োজন করা হয়। সভায় জেলা এনসিপির যুগ্ম সমন্বয়কারী আসিক রাব্বি'র সভাপতিত্বে প্রধান অতিথি ছিলেন জাতীয় যুবশক্তির সংগঠক ইঞ্জিনিয়ার সাজেদুর রহমান। রাজনৈতিক কর্মশালা ও সাংগঠনিক দিকনির্দেশনা প্রদান করেন জেলা এনসিপির সদস্য (সংগঠন/দপ্তর) মো: হাসনাত জামান সৈকত। এসময় কুতুবপুর ইউনিয়ন এনসিপির আহ্বায়ক রেজাউল হক, সদস্য সচিব রফিকুল

২-এর পৃষ্ঠা দেখুন

কুষ্টিয়ায় নিয়োগ পরীক্ষা: প্রশ্ন ফাঁসে তিন কর্মকর্তা ও এডিসি জড়িত

নিজস্ব প্রতিবেদক. কুষ্টিয়া

কুষ্টিয়া সিভিল সার্জন অফিসে ১১৫ পদে নিয়োগ পরীক্ষায় প্রশ্নপত্র ফাঁসের ঘটনায় তোলপাড় চলছে। অভিযোগ, খোদ নিয়োগ কমিটির তিন সদস্য ও জেলা প্রশাসনের একজন অতিরিক্ত জেলা প্রশাসক (এডিসি) এ ঘটনায় জড়িত। দুর্নীতি দমন কমিশন (দুদক) প্রাথমিক তদন্তে জানিয়েছেন, হোসেন ইমাম ও তার ভাই হাসান ইমাম নান্নু ছুটি নিয়ে গা-ঢাকা দিয়েছেন। হোসেনের বাড়ির সিসিটিভি ফুটেজ, ফাঁস হওয়া হাতে লেখা প্রশ্নপত্র ও সংশ্লিষ্টদের মোবাইল ফোন জব্দ করা হয়েছে। এক ফোনে ফাঁস হওয়া প্রশ্ন পাওয়া গেছে। গত ২৪ অক্টোবর বিভিন্ন পদে নিয়োগ পরীক্ষা অনুষ্ঠিত হয়। এর আগের রাতে (২৩ অক্টোবর) প্রশ্ন ফাঁস হয়। তদন্তে জানা গেছে, উপসচিব শাহাদত হোসেন, পিএসসি উপপরিচালক নাসরিন সুলতানা ও এডিসি জাহাঙ্গীর আলম মোবাইল ফোন নিয়ে প্রশ্ন প্রণয়ন কক্ষে প্রবেশ করেন। সিসিটিভি ক্যামেরা আগে খুলে ফেলা হয়। কমিটির সদস্য নাসরিন সুলতানা ফোনে প্রশ্ন বাইরে পাঠানোর অভিযোগ স্বীকার করেছেন। দুদকের কুষ্টিয়ার

২-এর পৃষ্ঠা দেখুন

মেসার্স এ. আর. এন্টারপ্রাইজ

প্রোঃ মোঃ আলতাফ হোসেন

এখানে পাওয়া যায়

✓ সকল প্রকার ক্রোকারিজ সামগ্রী

✓ প্লাস্টিক সামগ্রী

খুচরা ও পাইকারি বিক্রয়করা হয়।

পরিবেশক

- কিয়াম মেটাল ইন্ডাস্ট্রিজ
- আর এফ এল
- আকিজ সিরামিক

কাঁসারী বাজার, মেহেরপুর।

০১৯২২-৬৪৫২১৮, ০১৭০৯-১০৯১৯১

অনুবাক্য

মামুনুর রশিদ মামুন

খবর (নভেম্বরে নতুন ইউনিফর্মে পুলিশ)

নতুন ড্রেসে আসবে পুলিশ
বদলে যাবে মন
ভাব ধরা সব মিলেমিশে
করবে আপনজন।
দেশের সেবাই হবে পুলিশ
মানুষকে দেবে সেবা
দলের জন্য ব্যবহারে তুমি
সে সুযোগ না আর পাবা।
নতুন কিছু দেখতে পাবে
মনটা খুশ খুশ করে
অপরাধ অন্যায় করলে পরে
কেমন তোমায় ঝাড়ে।
পুলিশ এবার হবে স্মার্ট
মনটা থাকবে নরম
অন্যায় করে পার পাবেনা
করবে কঠিন হস্তে দমন।

নাজমুল হক লিটন পেলেন কেন্দ্রীয় কমিটির দায়িত্ব

নিজস্ব প্রতিবেদক

মেহেরপুরের কোলা সরকারি প্রাথমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক মোঃ নাজমুল হক লিটন বাংলাদেশ সরকারি প্রাথমিক বিদ্যালয় শিক্ষক সমিতির কেন্দ্রীয় কমিটির নির্বাহী সভাপতি (ভারপ্রাপ্ত) হিসেবে দায়িত্ব পেয়েছেন।গত শুক্রবার বাংলাদেশ সরকারি প্রাথমিক বিদ্যালয় শিক্ষক সমিতির সভাপতি ওেছ আহমদ চৌধুরী স্বাক্ষরিত এক পত্রের মাধ্যমে তাকে এই দায়িত্ব দেওয়া হয়েছে। পত্রে বলা হয়েছে, সমিতির কেন্দ্রীয় কমিটিতে অবসরজনিত ও মৃত্যুজনিত কারণে কয়েকটি পদ শূন্য থাকায় সাংগঠনিক কার্যক্রম সচল রাখার স্বার্থে দক্ষ সংগঠককে দায়িত্ব প্রদান করা হয়েছে। নাজমুল হক লিটনের সাংগঠনিক দক্ষতা ও কার্যক্রম

২-এর পৃষ্ঠা দেখুন

প্রতারক সরকার কীভাবে গ্রহণযোগ্য নির্বাচন করবে, প্রশ্ন মান্নার

সূর্যোদয় প্রতিবেদন

জুলাই সনদ নিয়ে সরকার জাতির সঙ্গে প্রতারণা করেছেড়এমন অভিযোগ তুলে নাগরিক ঐক্যের সভাপতি মাহমুদুর রহমান মান্না বলেছেন, "যে সরকার জনগণের সঙ্গে প্রতারণা করে, তারা কখনোই গ্রহণযোগ্য নির্বাচন দিতে পারে না।" শুক্রবার (৩১ অক্টোবর) রাজধানীতে অনুষ্ঠিত জাতীয় সমাজতান্ত্রিক দলজেএসডি'র ৫৩তম প্রতিষ্ঠাবার্ষিকী উপলক্ষে আয়োজিত আলোচনা সভায় তিনি এসব কথা বলেন। মান্না বলেন, "জুলাই সনদ নামের দলিলটি পরিবর্তন করে ঐকমত্য

২-এর পৃষ্ঠা দেখুন

জনবল নেই, জীবনরক্ষাকারী যান অচল

নিজস্ব প্রতিবেদক.চুয়াডাঙ্গা

চুয়াডাঙ্গা সদর হাসপাতালের এক কোণে দাঁড়িয়ে আছে একটি জীবনরক্ষাকারী আইসিইউ অ্যাম্বুলেন্স। ২০২১ সালে বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী ও স্বাধীনতার সুবর্ণজয়ন্তী উপলক্ষে ভারত সরকার বাংলাদেশকে ১০৯টি আইসিইউ অ্যাম্বুলেন্স উপহার

২-এর পৃষ্ঠা দেখুন

সু- খবর সু- খবর সু- খবর

আপনার স্বপ্নের অফিসিয়াল স্মার্ট ফোন + ফিচার ফোন এবং গ্যাজেট গুলি এখন এক ছাদের নিচে।

আমাদের কাছে পাচ্ছেন -

✓ অথেনটিক প্রোডাক্ট

✓ সেরা দাম

✓ নির্ভরযোগ্য সেবা

মোবাইল স্টেশন

তাই আর দেরি না করে আপনার প্রয়োজনীয় অফিসিয়াল যে কোনো স্মার্টফোন + ফিচার ফোন এবং গ্যাজেট গুলি এখন-ই সংগ্রহ করুন আমাদের কাছ থেকে নিশ্চিন্তে।

আমাদের ঠিকানা: মোবাইল স্টেশন প্রধান সড়ক, মেহেরপুর। হেল্পলাইন: ০১৭১২৫১১১৮১

বিঃদ্রঃ- আমরা কোন অবস্থায় রিফারবিষ্ট বা ক্লোন মোবাইল বিক্রি করিনা।

আপনার হাতে থাকা পুরোনো মোবাইল ফোনটি এক্সচেঞ্জ করতে পারেন খুব সহজেই।

হৃদয়ে লাল সবুজ

আমাদের সূর্যোদয়

মেহেরপুর ॥ শনিবার ॥ ১৬ কার্তিক ১৪৩২ বাংলা ॥ ১ নভেম্বর ২০২৫ইং

কার্তিকের বৃষ্টিতে বাড়তে পারে ঠান্ডা ভাব, দীর্ঘ হতে পারে শীত

সূর্যোদয় প্রতিবেদন

কার্তিক মাসের মাঝামাঝি এসে দেশের বিভিন্ন অঞ্চলে বিক্ষিপ্তভাবে হালকা বৃষ্টি হচ্ছে। আবহাওয়া অধিদপ্তর জানিয়েছে, এই বৃষ্টির প্রবণতা আরও দুই দিন স্থায়ী হতে পারে। এরপর তাপমাত্রা কিছুটা কমে গিয়ে বাড়বে শীতের আমেজ। ঘূর্ণিঝড় 'মোন্থা' ভারতের অন্ধ্র উপকূলে দুর্বল হয়ে যাওয়ার পর বাংলাদেশের আকাশে মেঘ জমেছে বলে জানিয়েছেন আবহাওয়াবিদ তরিফুল নেওয়াজ কবির। তিনি জানান, বৃহস্পতিবার খুলনা, মোংলা, যশোর, চুয়াডাঙ্গা, ময়মনসিংহ, রংপুর, রাজশাহী, নরসিংদী, ফরিদপুর ও গোপালগঞ্জে সামান্য বৃষ্টি রেকর্ড করা হয়েছে। এদিকে পানি উন্নয়ন বোর্ডের বন্যা পূর্বাভাস ও সতর্কীকরণ কেন্দ্র জানিয়েছে, সাম্প্রতিক বৃষ্টিতে দেশের কয়েকটি নদীর পানি কিছুটা বাড়তে পারে। তবে তা বিপৎসীমা অতিক্রমের আশঙ্কা নেই। কেন্দ্রের বুলেটিনে বলা হয়েছে, আগামী তিন দিন রংপুর, রাজশাহী ও ময়মনসিংহ বিভাগে এবং ভারতের উজানে বিচ্ছিন্নভাবে ভারী থেকে অতিভারী বৃষ্টিপাতের সম্ভাবনা রয়েছে। ফলে ব্রহ্মপুত্র-যমুনা নদীর পানি আগামী দুদিন স্থিতিশীল থাকলেও পরবর্তী তিন দিনে কিছুটা বৃদ্ধি পেতে পারে। রংপুর ও রাজশাহী অঞ্চলের তিস্তা, ধরলা, দুধকুমার, আত্রাই, করতোয়া, টাঙ্গন, পুনর্ভবা, ঘাঘটসহ বিভিন্ন নদীর পানি দ্রুত বাড়তে পারে বলে আভাস দেওয়া হয়েছে। একইভাবে ময়মনসিংহ অঞ্চলের সোমেশ্বরী, ভুগাই, কংস ও জিঞ্জিরাম নদীর পানিও কিছুটা বৃদ্ধি পেতে পারে। কৃষি খাতে এই বৃষ্টির প্রভাব প্রসঙ্গে রাজশাহী কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের উপপরিচালক মোহাম্মদ নাসির উদ্দিন বলেন, "কার্তিকের এই বৃষ্টি কৃষির জন্য লাভের চেয়ে ক্ষতির কারণ হতে পারে। এখন আমন ধান পাকার মৌসুম, অনেক কৃষক ইতোমধ্যে কাটা শুরু করেছেন। আবার রবিশস্যের জমি তৈরির কাজও চলছে। বৃষ্টিতে এসব কাজ অন্তত দুই-তিন দিন পিছিয়ে যাবে। তবে বৃষ্টি থেমে রোদ উঠলে ক্ষতির আশঙ্কা কমবে।" অন্যদিকে আবহাওয়া বিশেষজ্ঞরা বলছেন, চলতি বছর দেশের শীতকাল স্বাভাবিকের চেয়ে কিছুটা দীর্ঘ ও তীব্র হতে পারে। ডিসেম্বর থেকে জানুয়ারির মধ্যে দেশের বিভিন্ন অঞ্চলে মাঝারি থেকে তীব্র শৈত্যপ্রবাহ বয়ে যেতে পারে। তবে রাজধানী ঢাকায় শীতের আগমন এবারও দেরিতে হতে পারে বলে জানিয়েছেন আবহাওয়াবিদ একেএম নাজমুল হক। তিনি বলেন, "গত বছর নভেম্বরেই সারাদেশে কনকনে শীত পড়েছিল, কিন্তু ঢাকায় তেমন ঠান্ডা অনুভূত হয়নি। এবারও নভেম্বরজুড়ে ঢাকায় শীতের প্রভাব তেমন থাকবে না। শীত শুরু হতে পারে নভেম্বরের শেষের দিকে

৩-এর পৃষ্ঠা দেখুন

জীবন ধারা



কাজের ফাঁকে খেতে পারেন যেসব খাবার

সূর্যোদয় প্রতিবেদন

অনেকেরই দিনের অধিকাংশ সময় কাটে অফিসের ডেস্কে। আর একটানা কাজের ফাঁকে ফাঁকে টুকটাক খাবার চলতেই থাকে। কেউ সিঙ্গারা, পুরি খান, কেউ আবার চিপস, চকোলেট, বিস্কুট, কেক খেতেই থাকেন। আর অফিসে যেহেতু দীর্ঘক্ষণ বসে কাজ করতে হয়, তাই এসব খাবার থেকে ক্যালোরি জমতেই থাকে। যারা ওজন কমাতে চান তাদের এই অভ্যাস ছাড়া খুবই জরুরি।তবে কাজের ফাঁকে ক্ষুধা পেলে স্বাস্থ্যকর কিছু খাবার খেতে পারেন। এতে ওজন বাড়বে না আবার ক্ষুধাও মিটবে। কী খাবেন- ১ টেবিল চামচ পিনাট বাটার দিয়ে আপেল খেতে পারেন। এই খাবার পেট ভরতে সাহায্য করে। এর পাশাপাশি আপেলে থাকা ফাইবা ওজন নিয়ন্ত্রণে রাখতে সাহায্য করে। অন্যদিকে পিনাট বাটার মিষ্টি খাওয়ার চাহিদাও কমায়। চাইলে আপেলের বদলে কলাও পিনাট বাটার দিয়ে খেতে পারেন। প্রতিদিন দুটি বা একটা করে ডিম সিদ্ধ খাওয়া স্বাস্থ্যের জন্য ভালো। ডিম সিদ্ধ শরীরে পুষ্টির ঘাটতি মেটায়। সেই সঙ্গে ওজন নিয়ন্ত্রণে ভূমিকা রাখে। ডিমে পর্যাপ্ত প্রোটিন থাকায় এটি খেলে পেট ভরে যায়।

বিভিন্ন ফল দিয়ে সালাদ তৈরি তরে নিতে পারেন অফিসের ব্যাগে। কাজের ফাঁকে টুক টুক করে ফল খেতে পারেন। এতে যেমন পেট ভরবে, তেমনই

৩-এর পৃষ্ঠা দেখুন

মেহেরপুরে জাকের পার্টির জনসভা ও র‍্যালি

নিজস্ব প্রতিবেদক

মেহেরপুরে জাকের পার্টির উদ্যোগে জনসভা ও র?্যালি অনুষ্ঠিত হয়েছে। গতকাল শুক্রবার (৩১ অক্টোবর) বিকেল ৩টার দিকে শহরের তাহের ক্লিনিক মোড়ে জেলা জাকের পার্টি ও এর সহযোগী সংগঠনের উদ্যোগে এ জনসভা ও র?্যালি অনুষ্ঠিত হয়। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন জেলা জাকের পার্টির সভাপতি সাইদুল আলম শাহীন। প্রধান অতিথি ছিলেন জাকের পার্টির কৃষক ফ্রন্ট ঢাকা বিভাগের সিকদার সভাপতি রিয়াজ উদ্দিন।

জেলা ছাত্র ফ্রন্টের সাধারণ সম্পাদক আহসান হাবিবের সঞ্চালনায় বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জেলা সাধারণ সম্পাদক সোহেল আহমেদ, সাংগঠনিক সম্পাদক আব্দুল কুদ্দুস, ছাত্র ফ্রন্টের সভাপতি কামরুজ্জামান, স্বেচ্ছাসেবক ফ্রন্টের সভাপতি নজরুল ইসলাম, সদর উপজেলা সভাপতি গোলাম সারোয়ার, সাধারণ

৩-এর পৃষ্ঠা দেখুন

দেশের চলমান সংকট অন্তর্বর্তী সরকার সৃষ্টি করেছে: মির্জা ফখরুল

সূর্যোদয় প্রতিবেদন

দেশের বর্তমান রাজনৈতিক সংকট 'অন্তর্বর্তী সরকার ও ঐকমত্য কমিশন' সৃষ্টি করেছে বলে অভিযোগ করেছেন বিএনপির মহাসচিব মির্জা ফখরুল ইসলাম আলমগীর। তিনি বলেন, "বর্তমানে যে সংকট তৈরি হয়েছে, তা তৈরি করেছে বর্তমান সরকার। তারা যে কমিটি বা কমিশন গঠন করেছে, সেখানে গত আট-নয় মাস ধরে নানা আলোচনা হয়েছে ঐকমত্যের বিভিন্ন সংস্কার বিষয় নিয়ে। তবে ঐকমত্য কমিশনের কয়েকটি বিষয়ে আমরা একমত হতে পারিনি।" শুক্রবার (৩১ অক্টোবর) জাতীয় প্রেস ক্লাবে জাতীয় সমাজতান্ত্রিক দল (জেএসডি)-এর প্রতিষ্ঠাবার্ষিকী উপলক্ষে আয়োজিত এক আলোচনা সভায় তিনি এসব কথা বলেন। বিএনপির মহাসচিব বলেন, "স্বাক্ষরিত জুলাই সনদ

৩-এর পৃষ্ঠা দেখুন

কুষ্টিয়ায় তিন স্বর্ণের দোকানে চুরি

নিজস্ব প্রতিবেদক. কুষ্টিয়া

কুষ্টিয়া শহরের সিঙ্গার মোড় এলাকায় তিনটি স্বর্ণের দোকানে চুরির ঘটনা ঘটেছে। গতকাল শুক্রবার (৩১ অক্টোবর) ভোরে মাহতাব প্লাজার ভেতরে এ ঘটনা ঘটে। স্থানীয় সূত্রে জানা গেছে, সকালে দোকান মালিকরা দোকান খুলতে গিয়ে শাটার খানিকটা ওপরে উঠানো দেখতে পান। বিষয়টি বুঝতে পেরে তারা পুলিশকে খবর দেন। পরে পুলিশ ও র‍্যাব সদস্যরা ঘটনাস্থলে গিয়ে সিসিটিভি ফুটেজ পর্যালোচনা করেন। সিসিটিভি ফুটেজে দেখা যায়, সকাল পৌনে আটটার দিকে মুখ বাঁধা অবস্থায় দুই যুবক মার্কেটের বাথরুমের দরজার নিচ দিয়ে ভেতরে প্রবেশ করেন। এরপর তারা সমির চেইন হাউস, ব্রাদার্স জুয়েলার্স ও সরকার জুয়েলার্সের শাটার খুলে ভেতরে থাকা স্বর্ণ ও রুপার গহনা নিয়ে একই পথে বাইরে বেরিয়ে যান। দোকান মালিকদের দাবি,

৩-এর পৃষ্ঠা দেখুন

পতিত দলটি হিন্দুদের চরমভাবে ক্ষতি করেছে' - মিয়া গোলাম পরওয়ার

সূর্যোদয় প্রতিবেদন

বাংলাদেশ জামায়াতে ইসলামী সনাতনী শাখার উদ্যোগে আয়োজিত হিন্দু সম্মেলনে দলটির কেন্দ্রীয় সেক্রেটারি জেনারেল ও সাবেক সংসদ সদস্য অধ্যাপক মিয়া গোলাম পরওয়ার বলেছেন, "স্বাধীনতার পর বাংলাদেশকে এমনভাবে পরিচালনা করা হয়েছে, যাতে হিন্দু সম্প্রদায়কে ভিন্ন চোখে দেখা হয় এবং তাদের বোঝানো হয় তারা একটি নির্দিষ্ট দলের আশ্রয়ে বাস করছে। কিন্তু সেই পতিত দলটি হিন্দুদের কোনো উপকার করেনি, বরং চরমভাবে ক্ষতি করেছে।" শুক্রবার (৩১ অক্টোবর) সকালে খুলনার ডুমুরিয়া স্বাধীনতা চত্বরে আয়োজিত ওই হিন্দু সম্মেলনে প্রধান অতিথির বক্তব্যে তিনি এসব কথা বলেন। সম্মেলনে সভাপতিত্ব করেন বাংলাদেশ জামায়াতে ইসলামী সনাতনী

৩-এর পৃষ্ঠা দেখুন

শোলমারীতে ইয়ং স্টার ফুটবল টুর্নামেন্টের খেলা ড্র

নিজস্ব প্রতিবেদক

মেহেরপুর সদর উপজেলার শোলমারি গ্রামবাসীর উদ্যোগে শোলমারী সরকারি প্রাথমিক বিদ্যালয় মাঠে অনুষ্ঠিত শোলমারি ইয়ং স্টার ফুটবল টুর্নামেন্টের খেলাটি অমীমাংসিতভাবে শেষ হয়েছে। শুক্রবার বিকেলে ধলা একাদশ ও শ্যামপুর একাদশের মধ্যকার ম্যাচটি ১-১ গোলে ড্র হয়।

খেলার প্রথমার্ধে ধলার শাকিল গোল করে দলকে এগিয়ে নেন। দ্বিতীয়ার্ধে শ্যামপুরের সোহাগ গোল করে খেলার সমতা ফেরান। বাকি সময়ে আর কোনো গোল না হওয়ায় শেষ পর্যন্ত পয়েন্ট ভাগাভাগি হয়ে যায়। পুরস্কার বিতরণ করেন কামরুজ্জামান, রামিজ রানা, সজিব রানা এবং উসনাই।

ঝিনাইদহ-৩: বিএনপির মনোনয়ন প্রত্যাশীদের মতবিনিময় সভা

নিজস্ব প্রতিবেদক

ঝিনাইদহ-৩ (কোটচাঁদপুর-মহেশপুর) আসনে বিএনপির মনোনয়ন প্রত্যাশী ও নেতাকর্মীদের মতবিনিময় সভা শুক্রবার বিকেলে মহেশপুরের খালিশপুর বহুমুখী মাধ্যমিক বিদ্যালয় মাঠে অনুষ্ঠিত হয়েছে। জেলা বিএনপির সভাপতি অ্যাডভোকেট মো. আব্দুল মজিদ সভার সভাপতিত্ব করেন। প্রধান অতিথি ছিলেন বিএনপির খুলনা

৩-এর পৃষ্ঠা দেখুন

বিদেশযাত্রায় নিষেধাজ্ঞার কারণ জানতে পারেননি বিএনপি নেতা মিলন

সূর্যোদয় প্রতিবেদন

বিএনপি নেতা ও সাবেক শিক্ষা প্রতিমন্ত্রী আ ন ম এহসানুল হক মিলন বলেছেন, "ব্যাংক থেকে ঢাকায় আসার সময় আমি জানতে পারি, আমাকে বিদেশযাত্রায় নিষেধাজ্ঞা দেওয়া হয়েছে। কিন্তু এই নিষেধাজ্ঞার কারণ জানতে চেয়ে কোনো সদুত্তর পাইনি।" শুক্রবার (৩১ অক্টোবর) দুপুরে জাতীয় প্রেস ক্লাবে জরুরি সংবাদ সম্মেলনে তিনি এসব কথা জানান। মিলন বলেন, ব্যাংকে অবস্থানের সময় বিএনপির মনোনয়নপ্রত্যাশীদের বৈঠকে অংশগ্রহণের জন্য তাকে ঢাকায় ফিরে আসতে বলা হয়।

৩-এর পৃষ্ঠা দেখুন

১০০ বছরে এমন অপরাধী ক্রিকেটার আসবে না -শফিকুল আলম

সূর্যোদয় প্রতিবেদন

দেশের নামকরা অলরাউন্ডার ক্রিকেটার সাকিব আল হাসানকে নিয়ে রাজনৈতিক ও সামাজিক মতবিরোধ নতুন করে তোলপাড় সৃষ্টি করেছে। প্রধান উপদেষ্টার প্রেস সচিব শফিকুল আলম সম্প্রতি এক মন্তব্যে বলেছেন, "এর মতো 'অপরাধী' ক্রিকেটার ১০০ বছরেও আর আসবে না।" সাকিব আল হাসান দীর্ঘদিন ধরে দেশে পা রাখতে

৩-এর পৃষ্ঠা দেখুন

যুদ্ধবিরতি বারবার লঙ্ঘনে আশা হারাচ্ছে গাজাবাসি

সূর্যোদয় প্রতিবেদন

গাজার বাসিন্দারা বারবার যুদ্ধবিরতি ভঙ্গের ফলে কেবল ক্ষতই পেলো না বরং শান্তির আশা নিয়ে বেড়ে ওঠা প্রত্যাশাও ধ্বংস হচ্ছে। দখলদার বাহিনীর অগ্রিম হুমকি ও মুহূর্তের মধ্যে হামলা চালানোর সম্ভাবনার ভয়ে বহু পরিবার এখন নিরাপদ আশ্রয়, ঘরবাড়ি ও পুনর্গঠনের স্বপ্ন বিসর্জন দিতে বাধ্য। গাজার মাজেন শাহীন আলজাজিরা বলেন, "আমরা জীবন পুনর্গঠন করার একটি বাস্তব সুযোগের অপেক্ষায় ছিলাম। যুদ্ধবিরতি হলে প্রথম বা দ্বিতীয় সপ্তাহেই সবকিছু ঠিক করতে শুরু করতাম। কিন্তু বারবার যুদ্ধবিরতি লঙ্ঘিত হওয়ায়

৩-এর পৃষ্ঠা দেখুন

✨ জামান বস্ত্রালয় ✨
আপনার আস্থার পোশাকের ঠিকানা
সর্বাধুনিক ফ্যাশনের নান্দনিক সংগ্রহ
জেন্টস, লেডিস ও বাচ্চাদের জন্য মানসম্মত পোশাক
সালোয়ার–কামিজ, থ্রি-পিস, শাড়ি, পাঞ্জাবি, কোটসহ সবকিছু
ঈদ, পূজা, বিয়ে বা যেকোনো উৎসবের জন্য বিশেষ কালেকশন
ন্যায্য দামে গুণগত মানের নিশ্চয়তা
একবার আসুন, দেখুন – তারপরই বুঝবেন পার্থক্য!
ঠিকানা: বড়বাজার, মেহেরপুর
যোগাযোগ: 01718 552784, 01673 980044

প্রযুক্তি

স্মার্ট আয়না: প্রযুক্তির নতুন চমক

সূর্যোদয় প্রতিবেদন

স্মার্ট চশমা, স্মার্ট রিং, স্মার্ট ওয়াচের পর এবার প্রযুক্তি দুনিয়ায় হাজির হয়েছে নতুন উদ্ভাবনড়স্মার্ট আয়না। আয়না মানেই শুধু নিজের প্রতিবিম্ব দেখার উপকরণ এই ধারণাকে বদলে দিতে এগিয়ে এসেছে নানা প্রযুক্তি প্রতিষ্ঠান। যদিও স্মার্ট আয়নার ধারণা নতুন নয়, তবে এখনো এটি ব্যাপকভাবে প্রচলিত হয়নি। শরীরচর্চাকারীদের জন্য ম্যাজিক ফিট কোম্পানি বাজারে এনেছে এক অভিনব স্মার্ট আয়না। এটি সাধারণ আয়নার মতোই ব্যবহার করা যায়, কিন্তু এর বিশেষত্ব হলো এটি একটি এআই-চালিত ফিটনেস ট্রেনার হিসেবে কাজ করে। ব্যায়ামের সময় কোনো ভুল হলে তা সঙ্গে সঙ্গে জানিয়ে দেয়, এমনকি শরীরের প্রতিটি নড়াচড়া ট্র্যাক করে ডেটা সংরক্ষণ করে রাখে। পূর্ণবয়স্ক মানুষের সমান আকারের এই আয়না শরীরকে থ্রিডি আকারে

রূপান্তর করে ব্যায়ামের ধাপ পর্যবেক্ষণ করতে পারে। জিম সহকারী হিসেবেই মূলত এটি বাজারে এনেছে ম্যাজিক ফিট। উল্লেখযোগ্যভাবে, এটি 'টাইম বেস্ট ইনোভেশনস'

৩-এর পৃষ্ঠা দেখুন

মায়ের হাসি ক্লিনিক
ও নিউ হেলথ্ কেয়ার ল্যাব
মোতাছিম বিল্লাহ মতু'র বাসা, কাশারীপাড়া, মেহেরপুর।
পরীক্ষাসমূহ ই.সি.জি (কম্পিউটারাইজড) এক্স-রে আল্ট্রাসনোগ্রাফি হরমন এনালাইসিস সকল প্রকার প্যাথলজি পরীক্ষা মহিলা বিশেষজ্ঞ দ্বারা নরমাল ডেলিভারি, সিজারিয়ান ও সব ধরনের অপারেশন আধুনিক যন্ত্রপাতি ও যত্নবান সেবা
সিরিয়ালের জন্য যোগাযোগ: রিসিপশন : ০১৩০৬-৯২৫৬২৫
মার্কেটিং - জসিম : ০১৭১৩-৯১২৫৫১ বাপ্পী : ০১৭১২-২১৪১৩১
নিয়মিত রোগী দেখেন
শিশুরোগ, শিশুপুষ্টি ও মেডিসিন বিশেষজ্ঞ
ডাঃ এম.র. মালিক
এমবিবিএস, ডিসিএইচ (আয়ারল্যান্ড) এমএসসি (পুষ্টি) ডিসিএম, সিসিডি, এমএসসি (সাইকো) এমপিএইচ,আইপিপিএস (অষ্ট্রেলিয়া) সিসিড, পিজিপিএল বোস্টন ইউনিভার্সিটি, আমেরিকা)এফআরএসএম (লন্ডন) এফআরএসএইচ (লন্ডন), এমএএমএস (ভিয়েনা), সিপেড, বিসিএস (স্বাস্থ্য)ফেলো রয়েল সোসাইটি অব মেডিসিন (লন্ডন), রিসার্চ ফেলো-সিঙ্গাপুর ও অস্ট্রেলিয়া এসোসিয়েট প্রফেসর ও বিভাগীয় প্রধান (এক্স) নর্থ বেঙ্গল মেডিকেল কলেজ হসপিটাল
রোগী দেখেন : প্রতি রবিবার সকাল ৮ টা থেকে দুপুর ২ টা।
নবজাতক, শিশু ও কিশোর রোগ বিশেষজ্ঞ
ডাঃ কানিজ নাঈমা
এম.বি.বি.এস, বিসিএস (স্বাস্থ্য), ডিসিএইচ (শিশু) জুনিয়র কনসালটেন্ট (শিশু) ২৫০ শয্যা বিশিষ্ট জেনারেল হাসপাতাল, মেহেরপুর।
রোগী দেখেন: দুপুর ২ টা থেকে ৩ টা। (শুক্রবার ব্যাতিত)
প্রসূতি ও স্ত্রীরোগ চিকিৎসক সার্জন ও সনোলজিষ্ট
ডাঃ রুমানা হেলালী (জুসি)
এম.বি.বি.এস (ঢাকা), বিসিএস (এফ.পি), ডি.এম.ইউ ই ও সি (অবস্ এন্ড গাইনী), মেডিকেল অফিসার, মা ও শিশু কল্যাণ কেন্দ্র,মেহেরপুর। গাইনী, বন্ধ্যাত্ব, গর্ভবতী, প্রসূতী, কিশোরী ও স্ত্রী রোগের চিকিৎসা করেন।
মেডিকেল প্রাক্টিশনার ও মেডিসিন রোগে অভিজ্ঞ
ডাঃ মুত্তাকী বিল্লাহ শাফিন
এমবিবিএস(ডিইউ)
আবাসিক মেডিকেল অফিসার, মায়ের হাসি ক্লিনিক, প্রতিদিন নিয়মিত রোগী দেখেন।
মেডিসিন, ডায়াবেটিস ও সনোলজিস্ট
ডাঃ এস.এম. আরাফাত আল আকাশ
এম.বি.বি.এস (ডি.ইউ), সিসিডি (বারডেম), পিজিটি (মেডিসিন), সি এম ইউ (আল্ট্রা) এইচ. এম. ও
রোগী দেখেন: প্রতি শুক্র ও শনিবার সকাল ১০ টা থেকে রাত্রি ৮ টা

হৃদরোগ, মেডিসিন এবং ডায়েবেটিক রোগ বিশেষজ্ঞ
এম.বি.বি.এস (ডি.ইউ) বি.সি.এস (স্বাস্থ্য), ডি-কার্ড কার্ডিওলজি), এফ.সি.পি.এস(মেডিসিন). সি.সি.ডি (বারডেম),এক্স রেসিডেন্ট, কার্ডিওলজি বিভাগ, ঢাকা মেডিকেল কলেজ হাসপাতাল। মেডিকেল অফিসার, জেনারেল হাসপাতাল, মেহেরপুর।
ডা: মো: শাহিনুর রশিদ
চিকিৎসা সেবা সমূহ
• হৃদরোগ (হার্টের সমস্যা)• হার্ট এ্যাটাক/হার্ট ফেলিউর □ হৃদরোগ জনিত শ্বাসকষ্ট বুক ধড়ফড় করা, • হাটের ভাল্বের সমস্যা • জন্মগত হার্টের ছিদ্র □ এ্যাজমা ও শ্বাসকষ্ট - বক্ষব্যাধি • ডায়াবেটিস • বাতব্যথা বাতজ্বর • কিডনী রোগ • প্রেসার (উচ্চ রক্তচাপ)• রক্তের কলেষ্টেরল বৃদ্ধি • লিভার ও পরিপাকতন্ত্রের রোগ • জ্বর (দীর্ঘ কালীন)।
নিয়মিত রোগী দেখছেন ও ইকোকার্ডিওগ্রাফি করছেন শনি থেকে বুধবার বিকাল ৩টা থেকে রাত ৮টা পর্যন্ত।
রাবেয়া মেডিকেল সার্ভিসেস, হাসপাতাল গেট, মেহেরপুর
সিরিয়ালের জন্য যোগাযোগ রিসিপশন: 01754974466, 01724-787313 মার্কেটিং: 01304-100307, 1304-100308

দিন রাত মানবিক সেবার নিশ্চয়তা
কুদরত-ই-খুদা ক্লিনিক এন্ড ল্যাব
মুজিবনগর উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স এর সামনে (আসিফ প্লাজা ২ য় তলা)
সিরিয়ালের জন্য : ০১৭৫৭-৮২৮২৭৮
ডা. আ.ফ.ম. মুনতাহী রেজা রুবেল
এমবিবিএস,বিসিএস(স্বাস্থ্য) এফ.সি.পি.এস (ইউরোলজি) ,এম.স (ইউরোলজি)বিশেষজ্ঞ ও সার্জন ইউরোলজি বিশেষজ্ঞ সার্জন
কিডনী, মুত্রথলী, মুত্রনালী, প্রোস্টেট গ্রান্থি, অন্ডেকোষ, পুরুষ প্রজাননতন্ত ও ফিমেল ইরোলজি বিশেষজ্ঞ ও সার্জন।
রোগী দেখোর সময় : দুপুর ২ টা হতে রাত ৮ টা
শনি ও রবিবার

ভারপ্রাপ্ত সম্পাদক : মাহবুবুল হক পোলেন। আবুল কাসেম অনুরাগী কর্তৃক স্টাডি হাউজ, মহিলা কলেজ রোড, গাংনী, মেহেরপুর থেকে প্রকাশিত ও হাই কোয়ালিটি প্রিন্টার্স ২৯, স্যার ইকবাল রোড, কুস্টিয়া থেকে মুদ্রিত।
সম্পাদকীয় ও বাণিজ্যিক কার্যালয় : প্রধান সড়ক, হোটেল বাজার মোড়, মেহেরপুর-৭১০০। মোবাইল : ০১৭১৪৯৩৮৬৪৭ ই-মেইল : surjonews@gmail .com

কাজের ফাঁকে খেতে পারেন যেসব

(শেষ পৃষ্টার পর)

শরীর পুষ্টি পাবে। মৌসুমি ফল খাওয়া শরীরের জন্য খুব উপকারী। এ ছাড়া ড্রাই ফ্রুটসও নিতে পারেন সঙ্গে। কাজের ফাঁকে ফাঁকে কাঠবাদাম, আখরোট খেতে পারেন। সাধারণ চকোলেট খাওয়ার পরিবর্তে ডার্ক চকোলেট খেতে। যে চকোলেটে ৭০ শতাংশ কোকো রয়েছে, সেটা খাওয়া উপকারী। এতে কাজ করার শক্তি পাওয়া যায়। সেই সঙ্গে কাজের প্রতি মনোযোগও তৈরি হয়। ডার্ক চকোলেট খেলে মিষ্টি খাওয়ার প্রতি আগ্রহ কমবে ।

কার্তিকের বৃষ্টিতে বাড়তে পারে ঠান্ডা

(শেষ পৃষ্টার পর)

বা ডিসেম্বরের প্রথমার্ধে।" তিনি আরও জানান, ইতোমধ্যে দেশের উত্তরাঞ্চলে শীতের আমেজ শুরু হয়েছে। নভেম্বরের দ্বিতীয় সপ্তাহ থেকে রংপুর, দিনাজপুর, ঠাকুরগাঁও, পঞ্চগড় ও নীলফামারীতে শীত বাড়তে পারে। এরপর ধীরে ধীরে দেশের অন্যান্য অঞ্চলেও ঠান্ডা ছড়িয়ে পড়বে। ঢাকায় শীত দেরিতে নামার কারণ হিসেবে নাজমুল হক বলেন, "বঙ্গোপসাগরে ঘন ঘন সিস্টেম সৃষ্টি হওয়ায় আবহাওয়ার ভারসাম্য নষ্ট হচ্ছে। এর সঙ্গে ঘনবসতি ও যানবাহনের তাপ যুক্ত হয়ে রাজধানীর তাপমাত্রা আশপাশের জেলার চেয়ে দুই থেকে তিন ডিগ্রি বেশি থাকে। যেখানে ঢাকায় ৫০ থেকে ৬০ লাখ মানুষের থাকার কথা, সেখানে এখন তিন কোটিরও বেশি মানুষ বাস করছে। ফলে তাপমাত্রা সবসময় বেশি থাকে।"

মেহেরপুরে জাকের পার্টির জনসভা ও

(শেষ পৃষ্টার পর)

সম্পাদক নূর হোসেন, গাংনী উপজেলা সভাপতি নাসির উদ্দিন, জেলা স্বেচ্ছাসেবক ফ্রন্টের সাধারণ সম্পাদক মোশাররফ হোসেন ও খাদেম বিশ্বওয়ালি মঞ্জিলের মাওলানা সাইফুল ইসলাম আল হেলালি। বক্তারা বলেন, জাকের পার্টি শান্তি, মানবতা ও নৈতিক মূল্যবোধ প্রতিষ্ঠার লক্ষ্যে কাজ করে যাচ্ছে। জনসভা ও র?্যালিতে মূল দল ও সহযোগী সংগঠনের বিপুল সংখ্যক নেতাকর্মী অংশ নেন।

মির্জা ফখরুল

(শেষ পৃষ্টার পর)

ও এর বাস্তবায়ন প্রক্রিয়ার মধ্যে অনেক পার্থক্য রয়েছে। কোনো 'নোট অব ডিসেন্ট' না রেখেই দেশের জনগণের সঙ্গে প্রতারণা করা হয়েছে।" তিনি আরও অভিযোগ করেন, "নির্বাচন বানচাল করতে একটি মহল উঠে পড়ে লেগেছে। জাতীয় নির্বাচনের আগে গণভোটের কোনো সুযোগ নেই।" তবে নির্বাচনে অংশগ্রহণের ঘোষণা দিয়ে মির্জা ফখরুল বলেন, "আমরা নির্বাচনে যাব। আমাদের নির্বাচনি ইশতেহারে ঐকমত্য কমিশনের আলোচিত বিষয়গুলোও তুলে ধরব। যদি জনগণ আমাদের ভোট দিয়ে সরকার গঠনের সুযোগ দেয়, তাহলে এসব সংস্কার প্রস্তাব পার্লামেন্টে পাস করিয়ে দেশের পরিবর্তন আনব।" বিএনপি মহাসচিব মুক্তিযুদ্ধবিরোধী শক্তির সমালোচনা করে বলেন, "যারা মুক্তিযুদ্ধের বিরোধিতা করে জনগণকে বিভ্রান্ত করছেন, তাদের নির্বাচনের বিরোধিতা না করার আহ্বান জানাই।"আলোচনা সভায় নাগরিক ঐক্যের সভাপতি মাহমুদুর রহমান মান্না, গণঅধিকার পরিষদের সভাপতি নুরুল হক নুরসহ বিভিন্ন রাজনৈতিক দলের নেতারা বক্তব্য দেন।

কুষ্টিয়ায় তিন স্বর্ণের দোকানে চুরি

চুরিতে প্রায় ২০ লাখ টাকার স্বর্ণ ও রুপার গহনা খোয়া গেছে। কুষ্টিয়া মডেল থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) মশিউর রহমান বলেন, "ঘটনাস্থলের সিসিটিভি ফুটেজ সংগ্রহ করা হয়েছে। চুরির সঙ্গে জড়িতদের শনাক্তের চেষ্টা চলছে। দ্রুতই আইনের আওতায় আনা সম্ভব হবে।"

মিয়া গোলাম পরওয়ার

(শেষ পৃষ্টার পর)

শাখার ডুমুরিয়া উপজেলা সভাপতি কৃষ্ণ নন্দী এবং সঞ্চালনা করেন উপজেলা সাধারণ সম্পাদক অধ্যক্ষ দেব প্রসাদ মণ্ডল। অধ্যাপক পরওয়ার বলেন, "২৪'র গণঅভ্যুত্থানের পর দেশে আমূল পরিবর্তন এসেছে। সেই স্বঘোষিত ফ্যাসিস্টরা এখন ইতিহাস। আজ দেশের সব ধর্ম-বর্ণের মানুষ স্বাধীন নাগরিক হিসেবে রাজনীতি করার অধিকার রাখে। বাংলাদেশ জামায়াতে ইসলামী সেই অধিকার নিশ্চিত করতে চায় এবং সবার অংশগ্রহণমূলক রাজনীতির আহ্বান জানায়।" তিনি আরও বলেন, "আজ থেকে আপনারা মুক্ত আকাশে স্বাধীনভাবে রাজনীতি করবেন। কোনো চাঁদাবাজ, অস্ত্রবাজ বা সন্ত্রাসীর ভয় পাবেন না। আপনারা জামায়াতে ইসলামীর বীর সৈনিক।" অনুষ্ঠানে আরও বক্তব্য দেন অ্যাডভোকেট আবুল খায়ের, উপজেলা শাখার সহসভাপতি ডা. হরিদাশ মণ্ডল, জামায়াত নেতা মোসলেম উদ্দিন শেখ, সাংগঠনিক সম্পাদক শিক্ষক গৌতম কুমার মণ্ডল, অ্যাডভোকেট অশোক কুমার সিংহ, অধ্যক্ষ সুভাষ চন্দ্র সরদার, ডা. সুদীপ্ত সুন্দর মণ্ডল, স্বদেশ হালদার, প্রভাষ কুমার সরদার, প্রিয়াঙ্কা রাণী মণ্ডল ও ডা. নিত্যানন্দ রায় প্রমুখ। অনুষ্ঠানে দেশাত্মবোধক সংগীত পরিবেশন করেন অধ্যাপক গোলাম পরওয়ারের ছেলে মো. আতাউল্লাহ সালমান।

যুদ্ধবিরতি বারবার লঙ্ঘনে আশা

(শেষ পৃষ্টার পর)

আমাদের শান্তির কয়েক ঘণ্টাও মুঠোয় ধরা যায় নাড়্বাতাসে নিঃশ্বাস নেওয়ারও ফুরসত নেই। ভয়ে আছি, কখন আবার হামলা হবে!" বাস্তুচ্যুতরা ঘরে ফিরে জীবনের ধারা ফিরিয়ে আনতে পারছে না। রাত কাটছে নির্ঘুম, দিনের বেলা উত্তেজনা আর অনিশ্চয়তার মধ্যে দিনযাপন চলছে। গাজা শহরের বাসিন্দা হাসান লুব্বাদ বলেন, "প্রতিবারই একবার শান্তি আসার আশায় বুক বেঁধেছি; কিন্তু পুনরায় হামলা শুরু হলে আবার সেই ভয় ফিরে আসেড়কেউ বিশ্বাস করতে পারে না যে এটি স্থায়ী শান্তি।" চলতি মাসের শুরুতে ইসরায়েল ও হামাসের মধ্যে যুদ্ধবিরতি ঘোষিত হলেও, আরম্ভিক স্বস্তি স্থায়ী হয়নি। গাজার কিছু অংশে সংক্ষিপ্তকালের নিত্যদিনের স্বস্তি ফিরে পেলেও সময়ের সঙ্গে সঙ্গে ইসরায়েলের ক্রমাগত লঙ্ঘন আহতদের হতাশায় ডুবিয়েছে। বহু পরিবারই দুই বছর আগে চলে যাওয়া জীবনের পুনরুদ্ধারের কথা ভাবাই ছেড়ে দিয়েছেড়'সেই জীবন আর ফিরে পাবে না" বলে অনেকে জানায়। গত বুধবার একক দিনে ইসরায়েলি হামলার ঘটনায় ১০৪ ফিলিস্তিনি নিহত এবং দক্ষিণ গাজার একাধিক বিমান হামলায় ২৫৩ জন আহত হয়েছে যা যুদ্ধবিরতির পরের সবচেয়ে বড় লঙ্ঘন হিসেবে গাজা স্বাস্থ্য মন্ত্রণালয় উল্লেখ করেছে। এর পরও হামলা চলছেই; বৃহস্পতিবার ভোরে দক্ষিণ গাজার খান ইউনিসে দর কষাকষিতে 'পু-নরায় শুরু' বলা সত্ত্বেও ১০টি বিমান হামলার ঘটনা ঘটেছে বলে খবর। অন্যদিকে ফিলিস্তিনী নাগরিকদের মধ্যে একটি জোরালো প্রশ্ন হচ্ছেড় "আন্তর্জাতিক গ্যারান্টি কোথায়?" তারা জানতে চায়, শান্তি রক্ষা ও যুদ্ধবিরতির পরীক্ষায় মধ্যস্থতাকারী দেশ ও সংস্থাগুলোর দেওয়া প্রতিশ্রুতি কার্যকর হচ্ছে কী না। গাজার বাসিন্দা সুহা আওয়াদ বলেন, "আমরা সম্পূর্ণ যুদ্ধবিরতি ও সম্পূর্ণ অবসান চাইড়শুধু এক বা দুই সপ্তাহের জন্য নয়। আমরা কেবল নিরাপদে থাকতে চাই। আন্তর্জাতিক অংশীদের পূর্ণ প্রতিশ্রুতি চাই।"

১০০ বছরে এমন অপরাধী ক্রিকেটার

(শেষ পৃষ্টার পর)

পারছেন না। কয়েকটি মামলার কারণে তিনি বর্তমানে বিদেশে অবস্থান করছেন। তবে ক্রিকেটপ্রেমীদের মধ্যে এখনও তার জনপ্রিয়তা অটুট। বিসিবিতে পরিচালক হিসেবে দায়িত্বে থাকা আসিফ আকবরও সাকিবের প্রশংসা করেছেন। আসিফ আকবর বলেন, "সাকিবের ব্যক্তিগত ইস্যুগুলো তার নিজের ব্যাপার। একজন খেলোয়াড় হিসেবে তিনি বাংলাদেশের ব্র্যান্ড। আগামী ১০০ বছরে কেউ সাকিবের মতো হতে পারবে কি না, তা বলা মুশকিল। তবে সাকিব আল হাসানই সাকিব আল হাসান।" শফিকুল আলম তার ফেসবুক পোস্টে আসিফ আকবরের মন্তব্য শেয়ার করে আরও লিখেছেন, "কথা সত্য। আগামী ১০০ বছরেও এই রকম খুনি-পূজারী, চোর চোট্টা ও স্টক মার্কেট ডাকাত ক্রিকেটার আসবে না।" এর আগে শফিকুল আলম সাকিবকে নিয়েও মন্তব্য করেছিলেন, "সাকিব বাংলাদেশের সর্বকালের সবচেয়ে প্রতিভাবান ক্রিকেটার হতে পারেন। কিন্তু প্রতিভা ও জাতীয় দলের হয়ে পারফর্ম করা দায়মুক্তি দেয় না। তিনি যেসব বিতর্কিত রাজনৈতিক ব্যক্তিত্বের সঙ্গে সম্পর্ক রেখেছেন, তা শুধু ব্যক্তিগত লাভের জন্য এবং জনসেবার উদ্দেশ্যে নয়।" এ ঘটনার পর ক্রিকেট ও রাজনীতি দুই দিকেই সাকিব আল হাসানের নাম নিয়ে আলোচনা আরও উসকে গেছে।

বিদেশযাত্রায় নিষেধাজ্ঞার কারণ

(শেষ পৃষ্টার পর)

দলের নির্দেশনা মেনে তিনি চিকিৎসা অসম্পূর্ণ রেখে ২৫ অক্টোবর ঢাকায় ফিরেন। দলের সাংগঠনিক কার্যক্রম সম্পন্ন করে ৩০ অক্টোবর পুনরায় ব্যাংকে চিকিৎসার উদ্দেশ্যে রওনা হন। কিন্তু ঢাকা আন্তর্জাতিক বিমানবন্দরে ইমিগ্রেশন কাউন্টারে জানতে পারেন, তাকে বিদেশযাত্রায় নিষেধাজ্ঞা দেওয়া হয়েছে। তিনি বলেন, "বিগত ফ্যাসিস্ট সরকারের আমলে আমার পরিবারসহ বিএনপি ও ভিন্ন মতাদর্শের ব্যক্তিবর্গের ওপর অমানবিক নির্যাতনের ইতিহাস সবারই জানা। তখন বিরোধী পক্ষে কাউকে বিদেশ ভ্রমণ করতে না দেওয়াকে অত্যাচারের অন্যতম হাতিয়ার হিসেবে ব্যবহার করা হতো।" মিলন আরও বলেন, "আমি ব্যক্তিগতভাবে স্বচ্ছ, গণতান্ত্রিক ও সাংবিধানিক রাজনীতিতে বিশ্বাস করি। কখনো কোনো চক্রান্ত, ষড়যন্ত্র বা রাষ্ট্রবিরোধী কর্মকাণ্ডে জড়িত ছিলাম না। দেশের ও মানুষের ভালোবাসায় আমেরিকার নাগরিকত্ব-পাসপোর্ট ত্যাগ করে রাজনীতিতে আসতে প্রেরণা পেয়েছি।"

ঝিনাইদহ-৩: বিএনপির মনোনয়ন

(শেষ পৃষ্টার পর)

বিভাগীয় সহ সাংগঠনিক সম্পাদক বাবু জয়ন্ত কুমার কুন্ডু। তিনি বলেন, "বিএনপির বিরুদ্ধে নির্বাচন বানচালের ষড়যন্ত্র চলছে। জনগণকে সাথে নিয়ে দেশবিরোধী চক্রান্ত রুখতে হবে। মনোনয়ন প্রত্যাশীদের ঐক্যবদ্ধ হয়ে ধানের শীষের পক্ষে কাজ করতে হবে।" সভায় জেলা ও উপজেলা বিএনপির নেতা-কর্মীরা উপস্থিত ছিলেন।

স্মার্ট আয়না: প্রযুক্তির নতুন চমক

(শেষ পৃষ্টার পর)

তালিকায়ও জায়গা পেয়েছিল। উইথিংস কোম্পানির তৈরি ওমনিয়া স্মার্ট আয়না শরীরচর্চা নয়, বরং স্বাস্থ্যের সার্বিক অবস্থা পর্যবেক্ষণের জন্য তৈরি। এটি স্বাস্থ্যের বিভিন্ন মেট্রিকস পরিমাপ ও প্রদর্শন করতে পারে, এমনকি এআই ভয়েস অ্যাসিস্ট্যান্ট প্রাপ্ত তথ্য বিশ্লেষণ করে পরামর্শ দেয়। ওমনিয়ার নিচের অংশে থাকা বেস ওজন, হৃদ?রোগ ও বিপাকীয় স্বাস্থ্য পরিমাপ করতে পারে। স্মার্ট ওয়াচ, রক্তচাপ মনিটর বা স্মার্ট বেডের মতো ডিভাইস থেকেও তথ্য সংগ্রহ করতে সক্ষম এটি। এমনকি টেলিহেলথ পরামর্শেও সহায়তা করতে পারে একপ্রকার বুদ্ধিমান মেডিকেল ডিভাইস বলা যায় একে। চীনের রেইসজেম লিমিটেড তৈরি করেছে মিররোহ এআই স্মার্ট মিরর, যা মূলত বাথরুম কেবিনেটের জন্য ডিজাইন করা হয়েছে। এর পেছনে রয়েছে ২১.৫ ইঞ্চি ফুল এইচডি টাচস্ক্রিন, যার মাধ্যমে স্মার্ট হোম ডিভাইস হিসেবে এটি ব্যবহার করা যায়। এতে আছে ওয়াই-ফাই, ব্লুটুথ ও জিগবি সংযোগ, যা অন্যান্য স্মার্ট ডিভাইসের সঙ্গে যুক্ত হতে সাহায্য করে। ২০ মিলিমিটার পুরু অ্যালুমিনিয়াম অ্যালয়ের তৈরি এই আয়না আর্দ্র পরিবেশের জন্য একেবারে উপযোগী। চাইলে কেবিনেটের দরজার কাজেও ব্যবহার করা যায়।

বাণিজ্য চুক্তির আগে স্বাক্ষর হল ভারত-মার্কিন প্রতিরক্ষা চুক্তি

সূর্যোদয় প্রতিবেদন

মালয়েশিয়া থেকে রিপোর্ট: ভারতের পররাষ্ট্রমন্ত্রী রাজনাথ সিং এবং মার্কিন যুদ্ধ সচিব পিট হেগসেথের মধ্যে ১০ বছরের জন্য একটি নতুন প্রতিরক্ষা কাঠামো চুক্তি স্বাক্ষরিত হয়েছে। রাজনৈতিক বিশ্লেষকরা মনে করছেন, এই চুক্তি দুই দেশের সম্পর্ক স্বাভাবিক হওয়ার পথে এক বড় পদক্ষেপ। চুক্তি স্বাক্ষরের পর পিট হেগসেথ এক্স হ্যান্ডেলে পোস্ট করেন, "আমি রাজনাথ সিংয়ের সঙ্গে ১০ বছরের মার্কিন-ভারত প্রতিরক্ষা কাঠামো চুক্তি স্বাক্ষরের জন্য সাক্ষাৎ করেছি। এটি আমাদের প্রতিরক্ষা অংশীদারিত্বকে এগিয়ে নিয়ে যাবে এবং আঞ্চলিক স্থিতিশীলতা ও প্রতিরোধের ভিত্তি মজবুত করবে। আমরা দুই দেশের মধ্যে সমন্বয়, তথ্য ভাগ এবং প্রযুক্তিগত সহযোগিতা বৃদ্ধি করছি। আমাদের প্রতিরক্ষা সম্পর্ক আগের চেয়ে অনেক বেশি শক্তিশালী হয়েছে।" চুক্তি স্বাক্ষরিত হয় মালয়েশিয়ায় দুই দেশের প্রতিরক্ষামন্ত্রীদের এক বৈঠকে। গত জুলাই মাসে দুই নেতার মধ্যে এক বৈঠকে এই ১০ বছরের প্রতিরক্ষা সহযোগিতা চুক্তিতে সম্মতি হয়। আলোচনার একটি গুরুত্বপূর্ণ বিষয় ছিল জিই অ্যারোস্পেসের এফ৪০৪ ইঞ্জিনের ডেলিভারি। ডেলিভারিতে দেরির কারণে হিন্দুস্তান অ্যারোনটিক্স লিমিটেড তেজস লাইট কমব্যাট এয়ারক্রাফ্‌ট সরবরাহে সমস্যা ভোগ করছে। রাজনাথ সিং জিই অ্যারোস্পেসের সঙ্গে যৌথ উৎপাদনের প্রস্তাব দ্রুত চূড়ান্ত করার গুরুত্ব দেন। এতে ভারতের দেশীয় প্রতিরক্ষা উৎপাদন ক্ষমতা বৃদ্ধি পাবে এবং আমদানির ওপর নির্ভরতা কমবে। পেন্টাগনের মুখপাত্র জানিয়েছেন, জুলাই মাসে হেগসেথ ও ভারতের পররাষ্ট্রমন্ত্রী জয়শংকরের সাক্ষাতের সময় দুই পক্ষ প্রতিরক্ষা সহযোগিতা ও গত ফেব্রুয়ারি মাসের যৌথ বিবৃতির বিষয় আলোচনা করেছেন।

জন্মদিনের আগেই চমক, নতুন সিনেমার নাম ঘিরে ধোঁয়াশা শাহরুখের

বিনোদন ডেস্ক

দীর্ঘ পাঁচ বছরের বিরতির পর 'পাঠান' দিয়ে বলিউডে রাজকীয় প্রত্যাবর্তন করেছিলেন শাহরুখ খান। এরপর 'জওয়ান' আর 'ডানকি'-২০২৩ সালে একের পর এক তিনটি সিনেমা উপহার দিয়েছিলেন কিং খান। তবে প্রায় দুই বছর ধরে বক্স অফিসে দেখা যায়নি বাদশাহকে। দুদিন পরই তার জন্মদিন। তার আগে বৃহস্পতিবার দুপুরে সোশ্যাল মিডিয়ায় ভক্তদের সঙ্গে আড্ডায় দিয়েছিলেন শাহরুখ। সেখানেই উঠে এসেছে তার আসছে নতুন সিনেমার বিষয়টিও। সিদ্ধার্থ আনন্দের নির্মাণে শাহরুখের নতুন সিনেমাটি নিয়ে ভক্তদের আগ্রহ তুঙ্গে। ধারণা করা হচ্ছে, সিনেমাটির নাম 'কিং', যেখানে তার সঙ্গে দেখা যাবে মেয়ে সুহ-ানা খানকেও। তবে শাহরুখের সাম্প্রতিক এক মন্তব্যে নতুন করে জল্পনা শুরু হয়েছে।

এক ভক্ত শাহরুখকে অনুরোধ করেন, তার পরবর্তী সিনেমা 'কিং'র টিজারটি যেন ডিএম করে পাঠান। উত্তরে নায়ক মুচকি হেসে লেখেন, 'শিরোনামটি এখনো আনুষ্ঠানিকভাবে ঘোষণা করা হয়নি, আর তুমি এরই মধ্যে টিজার চাইছো!' তার এই মন্তব্যে ভক্তদের মনে প্রশ্ন জেগেছে-তবে কি শেষ মুহূর্তে বদলে যাচ্ছে সিনেমার নাম? অনেকে আবার অনুরোধ জানিয়েছেন, শাহরুখ যেন অন্তত ২ নভেম্বর নিজের জন্মদিনে সিনেমাটির নাম ঘোষণা করেন।



আড্ডায় শাহরুখকে প্রশ্ন করা হয়, ছেলে আরিয়ান খানের নেটফ্লিক্স সিরিজ 'দ্য ব্যাডস অব বলিউড' এবং মেয়ে সুহানার সঙ্গে একসঙ্গে কাজ করার অভিজ্ঞতা কেমন। উত্তরে কিং খান বলেন, 'সেটে আমি তাদের সহকর্মী হিসেবে দেখি, তাদের ইনপুট ও পরিশ্রমের প্রতি শ্রদ্ধা রাখি। আমি শুধু চাই, তাদের কঠোর পরিশ্রম সফল হোক।'

রাবেয়া মেডিকেল সার্ভিসেস

(কমপ্লিট মেডিকেল সলিউশন অন জেনারেল হাসপাতাল গেট, মেহেরপুর।
যোগাযোগ : রিসিপশন: ০১৭৫৪৯৭৪৪৬৬ সিরিয়াল: ০১৭২৪-৭৮৭৩১৩,
মার্কেটিং অফিসার: ০১৩০৪-১০০৩০৭, ০১৩০৪-১০০৩০

ডাঃ মোঃ আলাউদ্দিন আল-আজাদ — এমবিবিএস, ডি-অর্থো (সার্জারী) — কনসালটেন্ট অর্থোপেডিক, ঘাড় জোড়া, ব্যাত ব্যাথা, শিরাঘোগ বিশেষজ্ঞ। শনিবার থেকে বৃহস্পতিবার বিকেল ৪ টা থেকে সন্ধ্যা ৬.৩০ পর্যন্ত।

ডাঃ বিপুল কুমার বিশ্বাস — সহকারী অধ্যাপক — এমবিবিএস, ডিজিও, এফসিপিএস (গাইনী ও অবস) — সহকারী অধ্যাপক-গাইনী বিভাগ। বিকাল ৪ টা -৮টা পর্যন্ত, শুক্রবার সকাল ৮টা-২টা

ডাঃ মোঃ ইয়ানুর হোসেন — এমবিবিএস, (ডিএমসি), বিসিএস (স্বাস্থ্য), এফসিপিএস (মেডিসিন), এমডি (কার্ডিওলজি) কনসালটেন্ট মেডিসিন বিভাগ, এডভান্সড ট্রেনিং ইন ইকো-কার্ডিওগ্রাফী (ইন্ডিয়া) — বৃহস্পতিবার বিকাল ৩টা -৮টা শুক্রবার সকাল ৮টা-৮টা।

ডাঃ মোঃ আবুল কাশেম — এমবিবিএস(ঢাকা), বিসিএস(সাস্থ্য), এফসিপিএস (ইএনটি), ডিএলও ফিএসএমএমইউ)-এক্স-পিজিটি কনসালটেন্ট (ইএনটি), ফেলোশীপ ইন মাইক্রোইয়ার সার্জারী (চেন্নাই, ইন্ডিয়া)। বৃহস্পতিবার বিকাল ৩টা- ৮টা ও অন্যবার সকাল ৮টা -রাত ৮টা।

ডাঃ মোঃ এমরানুল ইসলাম (আবির) — সহকারী অধ্যাপক — এমবিবিএস(ঢাকা), বিসিএস(সাস্থ), ফসিপিএস(চস্থ), ডিএলও (ফিএসএমএমইউ)-এক্স-পিজি হাসপাতাল। প্রতি শুক্রবার সকাল ১০ টা থেকে দুপুর ১ টা ।

ডাঃ মোঃ রোকনুজ্জামান — এমবিবিএস(রাজশাহী), এফসিপিএস শেষ পর্ব (স্কিন এন্ড ভিডি), সি.সি.জি.পি (ঢাকা মেডিকেল কলেজ) চর্ম, যৌন, এলার্জি ও সেক্স বিশেষজ্ঞ। প্রতি বৃহস্পতিবার সকাল ৮টা - ১১টা।

ডাঃ মোঃ মাহবুবুল আলম (বিপ্লব) — সহকারী অধ্যাপক — এমবিবিএস(ডিএমসি), বিসিএস (সাস্থ্য), এমএস (শিশু সার্জারী),সহকারী অধ্যাপক প্রতিদিন বিকাল ৪ টা - ৮টা। শুক্রবার সকাল ৮টা - ৮টা

ডাঃ এম এম কবির শাওন — এমবিবিএস, ডি.এল.পি (ঢাকা), ডিপ্লমইন্ট (আন্ট্রাসাউন্ড) ব্যাক্সমা বিশেষজ্ঞ ও সনোলজিস্ট। প্রতিদিন সকাল ১০ টা -দুপুর ২টা। বিকাল ৪ টা -রাত ৮ টা।

ডাঃ মোঃ আরিফুল ইসলাম — সহকারী অধ্যাপক — এমবিবিএস(ঢাকা), বিসিএস(সাস্থ্য), এফসিপিএস (শিশু), কনসালটেন্ট (শিশু)। প্রতি শনিবার ও মঙ্গলবার দুপুর ২.৩০ টা - বিকাল ৫টা

ডাঃ মাহবুবা তাজমিলা — এমবিবিএস(ঢাকা), বিসিএস (স্বাস্থ্য), এফসিপিএস (শিশু), কনসালটেন্ট (শিশু)। প্রতি শনিবার ও মঙ্গলবার দুপুর ২.৩০ টা - বিকাল ৫টা

ডাঃ মেহেদী হাসান জনি — এমবিবিএস(ঢাকা), বিসিএস(স্বাস্থ্য) — এমবিবিএস(ঢাকা), বিসিএস(সা), এমএস (ইউরোলজী) পিজিটি (সার্জারী) — প্রতি শুক্রবার সকাল ৯ টা -দুপুর ১ টা।

ডাঃ মোঃ সফিউল আলম — এমবিবিএস, এফসিপিএস(সার্জারী) সহকারী অধ্যাপক (জেনারেল সার্জারী), প্যাপারোমেডিক। শুক্রবার সকাল ৯ টা থেকে বিকেল ৫টা।

নিউ এভারকেয়ার নাসিং হোম

চক্রপাড়া মোড়, হুদা হেলথ কেয়ারের ২য় তলা
ওয়াবদা রোড, মেহেরপুর

NEW EVERCARE NURSING HOME

হট লাইন: ০১৭৬৩-৬৪৬৬০৩
ব্যবস্থাপনা পরিচালক: ০১৭৪৩-৯০৪৩৩৬
ম্যানেজার (শিমুল): ০১৩০৪-১৫৬০৮৮৮
রিসেপশন: ০১৩০৪-১৫৬০৮৮৮

বিশেষজ্ঞ ডাক্তারবৃন্দ

ডা. সুরাইয়া মারমিন (পুস্প) — এম.বি.বি.এস (ডিএমসি), বি.সি.এস (স্বাস্থ্য) এফ.সি.পি.এস (গাইনী ও অবস), ডি আল্ট্রা প্রসূতি ও নারী রোগ বিশেষজ্ঞ ও সার্জন।

ডা. মোঃ ফজলুর রহমান — এম.বি.বি.এস (স্বাস্থ্য), এম.এস জেনারেল (সার্জারী) , কনসালট্যান্ট (সার্জারী), ২৫০ শয্যা জেনারেল হাসপাতাল, মেহেরপুর।

ডা. পারভীন আখতার — জুনিয়ার কনসালট্যান্ট (গাইনী ও অবস) উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স, আলমডাঙ্গা, চুয়াডাঙ্গা ।

ডা. মোঃ সউদ কবীর — এম.বি.বি.এস, বি.সি.এস (স্বাস্থ্য), ডি-অর্থ (এফপি) ২৫০ শয্যা জেনারেল হাসপাতাল, মেহেরপুর।

ডা. অলোক কুমার দাস — এম.ডি (নোরেল মেডিসিন), রাশিয়া , এম.পি.এইচ (বিডি), বিসিএস (স্বাস্থ্য), এমও বিটি . ২৫০ শয্যা জেনারেল হাসপাতাল, মেহেরপুর ।

আমাদের সেবাসমূহ
প্রাইভেট ও সাধারণ রোগী সেবা . প্রসূতি ও নারী স্বাস্থ্য ,
সার্জারি ও সাধারণ চিকিৎসা উন্নত ও বন্ধুত্বপূর্ণ পরিবেশ

বিশ্বস্ত ও নির্ভরতায়.....সেই ১৯৮৪ সাল থেকে
প্রতিষ্ঠাতাঃ মরহুম বাবর আলী

মেসার্স আঃ মালেক ষ্টোর এন্ড মিষ্টান্ন ভান্ডার

ফল, কসমেটিকস, বেবিফুড, ফাস্টফুড, ফ্রোজেনফুড,বেকারী, জন্মদিনের কেক, মুদি মালামাল, কাঁচা সবজি মিষ্টি ও দুই সামগ্রী বিক্রেতা।

পরিচালনায় ঃ মোঃ আব্দুল মালেক
গাংনী বাজার বাসষ্ট্যান্ড, গাংনী, মেহেরপুর

সাদিক ই-বাইক গ্যালারী

মনা জুয়েলার্স এর অঙ্গ প্রতিষ্ঠান

এখানে চার্জার বাইক, বাচ্চাদের চার্জার গাড়ি সহ সকল প্রকার চার্জার বাইকের এক্সেরিজ পাওয়া যায়।

01404-297165
প্রধান সড়ক, কাঁশারী বাজার, মেহেরপুর

আল হায়াত ডায়াগনস্টিক সেন্টার

চক্রপাড়া মোড়, হাসপাতাল রোড, মেহেরপুর।।
সিরিয়াল: ০১৭২২-৭৭৯৫৫০, ০১৭৫৫-৭০৬৪৬৪

ডাঃ আসাদুল্লাহ-আল-গালবি — এমবিবিএস, বিসিএস (স্বাস্থ্য) এফসিপিএস- মেডিসিন (ফাইনাল পার্ট) মেডিসিন,ডায়াবেটিস, উচ্চরক্তচাপ, হাপানি, কোমর ব্যথা ও বাত ব্যথা বিষয়ে অভিজ্ঞ মেডিকেল অফিসার : রাজশাহী মেডিকেল কলেজ।
রোগী দেখেন : প্রতি শুক্রবার সকাল ৯টা থেকে বিকাল ৪টা

ডাঃএম. এম. জাহিদুল ইসলাম — উচ্চ রক্তচাপ, বাতব্যাথা, কোমর ব্যাথা, বাতজ্বর ,হাড় ব্যাথা, হাঁপানি. ডায়াবেটিক ঘা এবং না শুকানো ক্ষত ও পি আর পি চিকিৎসক।
রোগী দেখেন : শনি থেকে বুধবার দুপুর ২টা থেকে সন্ধ্যা ৬টা

ডাঃ আব্দুল্লাহ আল রশিদ — চর্ম ও যৌন রোগে অভিজ্ঞ — এমবিবিএস (শহীদ জিয়াউর রহমান মেডিকেল কলেজ), বিসিএস (স্বাস্থ্য) সিসিডি (বারডেম), সিএমইউ (আল্ট্রা) সহকারী রেজিস্টার, চর্ম ও যৌন বিভাগ কুষ্টিয়া মেডিকেল কলেজ।
রোগী দেখেন : প্রতি সোমবার দুপুর ২.৩০ টা থেকে বিকাল ৫ টা

ডাঃ সাজিয়া আফরিন — গাইনী, প্রসুতি, স্ত্রী রোগের চিকিৎসক ও সার্জন — এমবিবিএস (ডিইউ) সিসিডি (বারডেম) ডিএমইউ (সনোলজি) ডিজিও (কোর্স-গাইনী এন্ড অবস) গাইনী(স্ত্রী রোগ) ও প্রসুতি বিদ্যা চিকিৎসক এবং সার্জন
রোগী দেখেন : প্রতি বৃহস্পতিবার বিকাল ৫ টা থেকে রাত ৮ টা পর্যন্ত, প্রতি শুক্রবার সকাল ১০ টা থেকে রাত ৮ টা পর্যন্ত

কিমিয়া ফার্মেসি এন্ড দাওয়াখানা

হাকীম (ডাঃ) মোঃ মোজাফফর হোসেন (জাফর)
হাকীম (ডাঃ) মিসেস সেলিনা সুলতানা

ঢাকা ইউনানী মেডিকেল কলেজ হতে ইউনানী মেডিসিনের উপর ফাস্ট ক্লাস ডিগ্রী প্রাপ্ত
রোগী দেখার সময়:
প্রত্যহ সকাল ৮ টা হইতে সন্ধ্যা ৬টা পর্যন্ত।
বাঁশবাড়িয়া পশ্চিমপাড়া,গাংনী, মেহেরপুর
কুষ্টিয়া টু মেহেরপুর রোডে (গাংনী পৌরসভা পিলারের সামনে)মোবাইলঃ ০১৭১২-৫৩১২৫১, ০১৯৪৭৫২৯৭৭৮

নাজ জুয়েলার্স

হাইস্কুল রোড, গাংনী বাজার, মেহেরপুর

বিশেষ অফার
২১ কে ও ২২ কে স্বর্ণের গহনাগুলো
গ্যারান্টি সহকারে
অনন্য ডিজাইন
সেরা মানের স্বর্ণ
আজই আসুন ও আপনার স্বপ্নের গহনা নির্বাচন করুন!
নাজ জুয়েলার্স – মান ও সৌন্দর্যের প্রতিশ্রুতি
প্রোপাইটার: হাজি মোঃ জাহিদুল আলম
মোবাইল: ০১৯২৩-৮৬২৮৬৯ | ০১৭১৮-৫৬০৩৬৮

বিসমিল্লাহ্ ফামেসী

প্রোঃ মোঃ আমিনুল ইসলাম সেন্টু

হৃদয়ে লাল সবুজ
আমাদের সূর্যোদয়

মেহেরপুর, শনিবার, ১ নভেম্বর ২০২৫ ইং

গাংনীর গোডাউনের লাশ: প্রশ্ন নিরাপত্তার

মেহেরপুরের গাংনী উপজেলার পশ্চিম মালসহ গ্রামে তালাবদ্ধ একটি গোডাউন থেকে কাঠমিস্ত্রি বিপ্লব হোসেনের লাশ উদ্ধারের ঘটনা নিঃসন্দেহে উদ্বেগজনক। দীর্ঘ তিন মাস ধরে তিনি সেখানে কাজ করতেন। কয়েকদিন ধরে তার কোনো খোঁজ না পাওয়া ও সহযোগীদের নিখোঁজ থাকা রহস্যকে আরও গভীর করেছে। দুর্গন্ধ ছড়িয়ে পড়ার পর স্থানীয়দের সন্দেহে পুলিশ লাশ উদ্ধার করেড়এ এক মর্মান্তিক দৃশ্য। এমন ঘটনায় প্রশ্ন উঠছেড়কেন আগেভাগে কেউ কিছু টের পেল না? গ্রামাঞ্চলের এসব গোডাউন বা কর্মশালায় বহিরাগত শ্রমিকরা মাসের পর মাস কাজ করলেও তাদের পরিচয় যাচাই বা স্থানীয় নজরদারি প্রায় নেই বললেই চলে। এ সুযোগে অপরাধ সংঘটিত হলে তা বোঝা যায় দেরিতে। বিপ্লব হোসেনের মৃত্যু কেবল একটি অপরাধ নয়, এটি সমাজের উদাসীনতারও প্রতিচ্ছবি। আমরা আশা করি, পুলিশ দ্রুত তদন্ত সম্পন্ন করে ঘটনার রহস্য উন্মোচন করবে এবং দোষীদের আইনের আওতায় আনবে। পাশাপাশি প্রশাসন ও এলাকাবাসীকে আরও সচেতন হতে হবে যাতে এমন করুণ ঘটনা আর না ঘটে।

মেহেরপুরে অনুমোদনহীন ক্লিনিক

(প্রথম পৃষ্টার পর)

পরিচালিত হচ্ছে। এসব ক্লিনিকের অনেকগুলো সিভিল সার্জন অফিসের পাশেই অবস্থিত। স্বাস্থ্য বিভাগের কেউ এসব অননুমোদিত প্রতিষ্ঠানের কার্যক্রম সম্পর্কে অবগত নন বলেও জানা গেছে। মেহেরপুরের সিভিল সার্জন স্বীকার করেছেন, "অনেক ক্লিনিক ১০ বেডের অনুমোদন নিয়ে ব্যবসা শুরু করলেও এখন তাদের বেড সংখ্যা বেড়ে ৫০ ছাড়িয়ে গেছে। কিন্তু সে অনুযায়ী অনুমোদন বা জনবল নেই।"

চিকিৎসা ও স্বাস্থ্যসেবা খাতে অনিয়ম, দালালচক্রের দৌরাত্ম্য এবং চিকিৎসকদের স্বার্থসংশ্লিষ্টতার কারণে মেহেরপুরে ক্লিনিক ব্যবসা এখন নিয়ন্ত্রণের বাইরে চলে গেছে বলে অভিযোগ উঠছে। সচেতন মহল বলছে, দ্রুত বিশেষ অভিযান চালিয়ে এসব অবৈধ ক্লিনিক বন্ধ করা না হলে জনস্বাস্থ্য সেবায় ভয়াবহ সংকট তৈরি হবে।

মেহেরপুরে সক্রিয় একাধিক চক্র

(প্রথম পৃষ্টার পর)

আমাকে ব্লক করে। পরে ভিন্ন পেজে তারা আমার বিরুদ্ধে অপপ্রচার চালায়।" অ্যাড. মকলেসুর রহমান বলেন, "এটি সরাসরি প্রতারণা ও সাইবার অপরাধ। আইন প্রয়োগকারী সংস্থার পাশাপাশি সাধারণ মানুষকেও সচেতন হতে হবে। যাকে সাহায্য করা হচ্ছে, তার পরিচয় যাচাই না করে টাকা পাঠানো একেবারেই ঠিক নয়।"

শুধু আর্থিক সহায়তাই নয়, রক্তদানের ক্ষেত্রেও চলছে প্রতারণা। ফেসবুকে রক্তদাতা সংগঠন নামে খোলা অনেক গ্রুপ রক্ত দেওয়ার নাম করে অর্থ হাতিয়ে নিচ্ছে বলে অভিযোগ পাওয়া গেছে। সাইবার বিশেষজ্ঞদের মতে, সামাজিক যোগাযোগমাধ্যমে কোনো সহায়তার পোস্ট দেখলেই টাকা পাঠানোর আগে পোস্টটির সত্যতা যাচাই করা জরুরি। সংশ্লিষ্ট ব্যক্তি বা সংগঠনের সঙ্গে সরাসরি যোগাযোগ করতে হবে এবং সন্দেহজনক অ্যাকাউন্ট রিপোর্ট করতে হবে। মানবিকতা মানুষের সবচেয়ে বড় শক্তি। কিন্তু সেই মানবিকতাকে কেউ যেন প্রতারণার হাতিয়ার না বানায় এ জন্য প্রয়োজন জনগণের সচেতনতা ও প্রশাসনের কঠোর নজরদারি।

শেষ হয়েছে জাতীয় ঐকমত্য

(প্রথম পৃষ্টার পর)

আগস্ট, কিন্তু কার্যক্রম শেষ না হওয়ায় দুই দফায় এক মাস করে মেয়াদ বৃদ্ধি করা হয়েছিল। সর্বশেষ তৃতীয় দফায় ১৫ দিন বাড়িয়ে ৩১ অক্টোবর পর্যন্ত মেয়াদ নিশ্চিত করা হয়। কমিশন দেশে নির্বাচনব্যবস্থা, পুলিশ, বিচার বিভাগ, জনপ্রশাসন, সংবিধান ও দুর্নীতি দমন বিষয়ে সংস্কারের সুপারিশ তৈরি করেছে। এছাড়া কমিশন রাজনৈতিক দল ও বিভিন্ন শক্তির সঙ্গে আলোচনার মাধ্যমে জাতীয় ঐকমত্য গঠনের কাজ সম্পন্ন করেছে। এর নেতৃত্বে জুলাই ঘোষণাপত্র এবং জুলাই জাতীয় সনদ ২০২৫ সরকারের হাতে প্রস্তুত করা হয়েছে। কমিশন রাজনৈতিক দলগুলোর সঙ্গে সংলাপের মাধ্যমে সংস্কারের বিষয়ে ঐকমত্যে পৌঁছেছে। জুলাই সনদে বেশিরভাগ রাজনৈতিক দল সই করেছে, তবে জাতীয় নাগরিক পার্টি (এনসিপি) এখনও সই করেনি। কমিশন ইতিমধ্যে জুলাই সনদ বাস্তবায়নের সুপারিশমালা অন্তর্বর্তীকালীন সরকারের কাছে হস্তান্তর করার কাজও শেষ করেছে। আগামী নির্বাচনকে সামনে রেখে দেশের নির্বাচন, প্রশাসন ও বিচার ব্যবস্থার সংস্কারে এটি গুরুত্বপূর্ণ ভূমিকা রাখবে।

বড়বাজারে বিএনপির গণসংযোগ ও

(প্রথম পৃষ্টার পর)

গণসংযোগ চলাকালে তিনি এলাকাবাসীর হাতে বিএনপির ভারপ্রাপ্ত চেয়ারম্যান তারেক রহমান ঘোষিত ৩১ দফা দাবি সম্বলিত লিফলেট তুলে দেন এবং স্থানীয়দের সঙ্গে মতবিনিময় করেন। এ সময় উপস্থিত ছিলেন জেলা বিএনপির আহ্বায়ক কমিটির সাবেক সদস্য হাফিজুর রহমান হাফি, জেলা বিএনপির সাংগঠনিক সম্পাদক ওমর ফারুক লিটন, পৌর বিএনপির সভাপতি আব্দুল লতিফ বিশ্বাস, পৌর বিএনপির সাধারণ সম্পাদক অ্যাডভোকেট এহান উদ্দিন মনা, পৌর বিএনপির সাংগঠনিক সম্পাদক জাহাঙ্গীর, জেলা যুবদলের সহ-সভাপতি আনিসুল হক লাভলু, শহীদ জিয়া স্মৃতি সংসদের সভাপতি আলিফ আরাফাত খান, বড়বাজার কমিটির সাধারণ সম্পাদক আলাল, বিএনপি নেতা নাহিদ আহমেদসহ জেলা ও পৌর
বিএনপি এবং সহযোগী সংগঠনের নেতাকর্মীরা।

কুলবাড়িয়ায় ধানের শীষের পক্ষে

(প্রথম পৃষ্টার পর)

জুলফিকার আলী ভুট্টো, বিএনপি নেতা কেরামত আলী, মকবুল হোসেন, মাজহারুল ইসলাম হেলেন, সহিউদ্দিন, ইউনিয়ন যুবদলের সভাপতি শামীম হোসেন, সাধারণ সম্পাদক আশরাফুল ইসলাম বাবু এবং জেলা ছাত্রদলের সিনিয়র সহ-সভাপতি আলমগীর হোসেন চাঁদসহ অন্যান্য নেতৃবৃন্দ উপস্থিত ছিলেন। খেলায় ধলার ইকবাল, বিজয়, সাজু ও শাকিল এবং শ্যামপুরের শাহাবুলকে হলুদ কার্ড দেখানো হয়। ম্যাচ শেষে শাকিলকে প্রথম গোলদাতা ও সোহাগকে ম্যান অব দ্যা ম্যাচ হিসেবে নির্বাচিত করা হয়।

রাইপুরে বিএনপির বর্ণাঢ্য র‍্যালী ও

(প্রথম পৃষ্টার পর)

রফিকুল ইসলাম, স্বেচ্ছাসেবক দলের সাধারণ সম্পাদক মাহাবুব আলমসহ অন্যান্য নেতৃবৃন্দ।

পথসভা শেষে রাইপুর বাজার প্রদক্ষিণ করে একটি বর্ণাঢ্য র‍্যালী অনুষ্ঠিত হয়। প্রধান অতিথি আলহাজ্ব আমজাদ হোসেন বলেন, গণতন্ত্র পুনরুদ্ধারের লড়াই জনগণের। অনুষ্ঠান শেষে দোয়া-মোনাজাতের মাধ্যমে বিএনপির সফলতা কামনা করা হয়।

ইসকন নিষিদ্ধের দাবিতে বিক্ষোভ

(প্রথম পৃষ্টার পর)

আন্দোলন বাংলাদেশের ঢাকা দক্ষিণ শাখার সভাপতি মুহাম্মাদ আহসান। তিনি বলেন, "ইসকন একটি উগ্রবাদী সন্ত্রাসী সংগঠন। তারা হিন্দুত্ববাদ প্রতিষ্ঠার নামে ইসলাম ও মুসলমানদের বিরুদ্ধে দীর্ঘদিন ধরে ষড়যন্ত্র চালিয়ে যাচ্ছে। বাংলাদেশের সাধারণ হিন্দু সম্প্রদায়ের সঙ্গে তাদের কোনো সম্পর্ক নেই। তারা এই দেশের চিরায়ত সাম্প্রদায়িক সম্প্রীতি বিনষ্ট করতে চায়।" সংগঠনটির ঢাকা দক্ষিণের সহ-সভাপতি কাযী হারুনূর রশীদ বলেন, "ইসকনের সদস্যরা সহজ-সরল মুসলিম তরুণীদের টার্গেট করে হিন্দুত্ববাদী কর্মকাণ্ডে জড়াতে বাধ্য করছে। তারা ব্রাহ্মণ্যবাদী এজেন্ডা বাস্তবায়নের মাধ্যমে দেশকে অস্থিতিশীল করার ষড়যন্ত্র করছে। এদের হাত থেকে কোনো মুসলমান নিরাপদ নয়। তাই অবিলম্বে ইসকনকে নিষিদ্ধ ঘোষণা করতে হবে।" এ সময় আহলে হাদীছ যুবসংঘের ঢাকা দক্ষিণের সহ-সভাপতি হাফেয আব্দুর রাযযাকসহ সংগঠনটির বিভিন্ন পর্যায়ের নেতাকর্মীরা উপস্থিত ছিলেন।

এনসিপির সাংগঠনিক সভা ও

(প্রথম পৃষ্টার পর)

ইসলাম, পিরোজপুর ইউনিয়ন এনসিপির ভারপ্রাপ্ত আহ্বায়ক মো: পাইন আলী, সদস্য সচিব আনারুল ইসলাম, শিক্ষক আব্দুস সালাম প্রমুখ বক্তব্য রাখেন। অন্যদের মধ্যে উপস্থিত ছিলেন জেলা এনসিপির সদস্য (অর্থ) তামিম ইসলাম, সদস্য (লিয়াজু) মাহাবুব ই তৌহিদ রবিন, সদর উপজেলা এনসিপির সদস্য (প্রচার) মুহা: মুবারক হুসাইন, সদস্য ও আহত জুলাই যোদ্ধা ইব্রাহিম হোসেনসহ কুতুবপুর ও পিরোজপুর ইউনিয়ন এনসিপির সদস্যবৃন্দ। কর্মশালায় জুলাই সনদ, গণভোট ও নাগরিক অধিকার সম্পর্কিত বিভিন্ন বিষয় নিয়ে আলোচনা করা হয়।

জনবল নেই, জীবনরক্ষাকারী যান

(প্রথম পৃষ্টার পর)

দেয়। এর মধ্যে একটি চুয়াডাঙ্গার সদর হাসপাতালে বরাদ্দ হলেও চার বছর পার হওয়ার পরও এটি রাস্তায় নামেনি। হাসপাতাল সূত্রে জানা গেছে, জনবল ও প্রশিক্ষিত টেকনিশিয়ানের অভাবে অ্যাম্বুলেন্সটি ব্যবহার করা সম্ভব হয়নি। সদর হাসপাতালের তত্ত্বাবধায়ক ডা. বিদ্যুত কুমার রায় বলেন, "লাইফ সাপোর্টযুক্ত অ্যাম্বুলেন্স সচল করার মতো জনবল নেই। আমরা ঊর্ধ্বতন কর্তৃপক্ষকে ইতিমধ্যেই জানিয়েছি।" চুয়াডাঙ্গার সিভিল সার্জন ডা. হাদী জিয়া উদ্দিন আহমেদ জানান, "অ্যাম্বুলেন্সটি তত্ত্বাবধায়কের অধীনে রয়েছে। প্রশিক্ষিত চিকিৎসক ও টেকনিশিয়ান না থাকায় এটি ব্যবহার করা যাচ্ছে না।"

জেলা কোনো সরকারি বা বেসরকারি হাসপাতালে আইসিইউ ইউনিট না থাকায় প্রতিদিনই গুরুতর অসুস্থ রোগীদের ঢাকাসহ বড় শহরে পাঠানো হচ্ছে। চিকিৎসা বিশেষজ্ঞরা মনে করেন, অ্যাম্বুলেন্সটি সচল থাকলে রোগীদের নিরাপদে স্থানান্তর করা যেত।

নাজমুল হক লিটন পেলেন কেন্দ্রীয়

বিবেচনা করে সদস্যদের মতামতের ভিত্তিতে তাকে নির্বাহী সভাপতি (ভারপ্রাপ্ত) পদে স্থলাভিষিক্ত করা হয়েছে।

কুষ্টিয়ায় নিয়োগ পরীক্ষা: প্রশ্ন ফাঁসে

(প্রথম পৃষ্টার পর)

উপপরিচালক মইনুল হাসান রওশনী বলেন, "কিছু মোবাইল ফোন ও আলামত জব্দ করা হয়েছে। অভিযোগের প্রাথমিক সত্যতা পাওয়া গেছে, বাকি তদন্ত চলছে।"নিয়োগ কমিটির সদস্য সচিব সিভিল সার্জন ডা. মোহাম্মদ কামাল হোসেন বলেন, "হোসেন ও নান্নুসহ অনেকেই প্রশ্ন ফাঁসে জড়িত।" অতিরিক্ত মহাপরিচালক খায়ের আহমেদ চৌধুরী বলেন, "প্রশ্ন ফাঁসের ঘটনায় কাউকে ছাড় দেওয়া হবে না।"

প্রতারক সরকার কীভাবে গ্রহণযোগ্য

(প্রথম পৃষ্টার পর)

কমিশন জনগণের সঙ্গে প্রতারণা করেছে। 'নোট অব ডিসেন্ট' বাদ দেওয়া হয়েছে এটা স্পষ্টভাবে ষড়যন্ত্র। সরকার ও কমিশন মিলে জাতিকে ঠকিয়েছে। এক কথায়, ঐকমত্য কমিশন 'ফোর টুয়েন্টি' করেছে।" তিনি আরও বলেন, "যাদের কাজ ছিল ভালো নির্বাচন দেওয়া, সেই সরকারই আজ প্রতারণার আশ্রয় নিচ্ছে। প্রতারক সরকার কীভাবে গ্রহণযোগ্য নির্বাচন করবে?" নাগরিক ঐক্যের সভাপতি অভিযোগ করে বলেন, "সরকার রাজনৈতিক দলগুলোর মধ্যে বিভাজন সৃষ্টি করেছে। দেশের রাজনীতি এখন গভীর সংকটে। এই অবস্থা থেকে উত্তরণের একমাত্র পথ একটি সুষ্ঠু ও অংশগ্রহণমূলক নির্বাচন।" মান্না বলেন, "সংস্কারের নামে যে খেলা চলছে, এর পরিণতি সরকার টানতে পারবে না। যথাযথভাবে সঠিক নির্বাচন ছাড়া অন্য কোনো বিকল্প নেই।" বিএনপি ও জামায়াতের রাজনীতি নিয়েও তিনি সতর্কতা প্রকাশ করেন। মান্না বলেন, "জামায়াত আন্দোলনের নামে খেলা করছে। আর বিএনপি আন্দোলনে নামলে দেশের কী হবে, তা ভেবে দেখা উচিত।" তিনি শেষ পর্যন্ত বলেন, "দেশ এখন এক বিরাট রাজনৈতিক ও নৈতিক সংকটের মধ্য দিয়ে যাচ্ছে। এই সংকট কাটাতে হলে জনগণের ভোটাধিকার ফিরিয়ে আনতে হবে এবং সত্যিকার অর্থে গ্রহণযোগ্য নির্বাচন আয়োজন করতে হবে।"

দৌলতপুরে জমি দখল সংঘর্ষ

(প্রথম পৃষ্টার পর)

(২৬), লিটন আলী ঘোষ (৩০)। স্থানীয় সূত্র জানায়, মরিচা ইউনিয়নের প্রভাবশালী কিছু ব্যক্তি নিরীহদেরও মামলায় জড়ানোর চেষ্টা করছেন। এদিকে, ভুরকা হাটখুলাপাড়া এলাকার উজ্জ্বল সরদার (৪৫) ও তাঁর ভাই রফিকুল সরদারকে মামলার দ্বিতীয় ও তৃতীয় আসামি করা হয়েছে। উজ্জ্বল সরদার দাবি করেছেন, তিনি দৌলতপুরে নদীভাঙন রোধে জিও ব্যাগ ফেলার ঠিকাদার। সংঘর্ষের সময় তিনি বাড়িতে ছিলেন এবং সিসিটিভি ফুটেজ রয়েছে। তার সঙ্গে কাকন বাহি-নীর কোনো সম্পর্ক নেই। উজ্জ্বল জানান, স্থানীয় স্বার্থান্বেষী মহল পরিকল্পিতভাবে তাঁকে ফাঁসিয়েছে। কুষ্টিয়ার অতিরিক্ত পুলিশ সুপার (ক্রাইম অ্যান্ড অপস) ফয়সাল মাহমুদ বলেন, "যাদের সম্পৃক্ততা প্রমাণিত হবে, তাদের গ্রেপ্তার করা হবে। নির্দোষ ব্যক্তিদের অবশ্যই অব্যাহতি দেওয়া হবে।" ঘটনার পর পুলিশসহ শতাধিক আইনশৃঙ্খলা বাহিনী পদ্মার চরে অভিযান চালাচ্ছে। আহত দুইজনকে রাজশাহী মেডিকেল কলেজ হাসপাতালে চিকিৎসা দেওয়া হচ্ছে।

গিয়াস মিষ্টান্ন ভান্ডার: ঐতিহ্য আর

(প্রথম পৃষ্টার পর)

ঐতিহ্যবাহী নতুন অধ্যায় শুরু হবে শিল্টনের হাতে

সততা, গুণগত মান এবং স্বাদের নিশ্চয়তা বজায় রেখে মেহেরপুরবাসীর প্রিয় স্থান হয়ে আছে। নতুন এই উদ্যোগের মাধ্যমে প্রতিষ্ঠানটি এবার ঐতিহ্যকে আধুনিকতার সঙ্গে সংযুক্ত করছে। মেহেরপুর শহরের হোটেল বাজারে, বি.এম. স্কুল সংলগ্ন প্রধান সড়কের পূর্ব পাশে, শীতাতাপ নিয়ন্ত্রিত নতুন আউটলেট উদ্বোধনের অপেক্ষায় রয়েছে। এখানে থাকবে অর্ধশতাধিক প্রকারের মিষ্টি, যা অত্যাধুনিক মেশিন ও মানসম্পন্ন উপাদানে তৈরি হবে। এছাড়া চালু হয়েছে বিশ্বমানের প্যাকেজিং ব্যবস্থা, যা মিষ্টির সতেজতা ও স্বাদ দীর্ঘক্ষণ অক্ষুণ্ণ রাখবে। আলমগীর বাদশা (শিল্টন) বলেন, "গিয়াস মিষ্টান্ন ভান্ডার কেবল একটি দোকান নয়, এটি আমাদের পরিবারের গর্ব এবং মেহেরপুরের মানুষের ভালোবাসার প্রতীক। আমি আমার পিতার স্বপ্ন ও সততার ঐতিহ্য ধরে রাখতে চাই। আমার লক্ষ্য শুধু ব্যবসায়িক মুনাফা নয়, মানুষের সেবা ও সন্তুষ্টি নিশ্চিত করা।" নতুন শাখার মাধ্যমে প্রায় দেড় ডজন কর্মী এবং দশজন অভিজ্ঞ কারিগর নিয়মিতভাবে মিষ্টি প্রস্তুত ও বিপণনে যুক্ত থাকবেন। এতে মেহেরপুরে নতুন কর্মসংস্থান সৃষ্টি হবে, যা যুব সমাজের জন্য একটি বড় সুযোগ। আলমগীর বাদশা সামাজিক ও ব্যবসায়িক কর্মকাণ্ডেও অত্যন্ত সক্রিয়। তিনি বর্তমানে এপেক্স ক্লাব, বড়বাজার ব্যবসায়ী সমিতি, বাংলাদেশ রেড ক্রিসেন্ট সোসাইটি, সোনার বাংলা ক্লাব এবং মেহেরপুর চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রি-এর গুরুত্বপূর্ণ পদে দায়িত্ব পালন করছেন। তার মানবিক ও সামাজিক দায়বদ্ধতা ব্যবসার পাশাপাশি স্থানীয় জনগণের সেবায়ও প্রতিফলিত হচ্ছে। এই নতুন উদ্যোগ ইতিমধ্যেই ব্যবসায়ী ও ক্রেতা মহলে আলোচনার বিষয় হয়ে উঠেছে। আলমগীর বাদশা বিশ্বাস করেন, "সততাই ব্যবসার প্রাণ, আর মানুষের ভালোবাসাই সবচেয়ে বড় মূলধন।" তাঁর এই উদ্যোগ মেহেরপুরের ঐতিহ্যবাহী স্বাদকে আধুনিক পরিসরে উপস্থাপন করছে এবং পুরো জেলার জন্য এক গর্বের প্রতীক হিসেবে পরিচিতি পাচ্ছে। নতুন আউটলেটে উদ্বোধনের পর মিষ্টান্ন প্রস্তুত ও বিক্রির ক্ষেত্রে আধুনিক প্রযুক্তি ব্যবহার এবং স্বাদ ও মানের নিশ্চয়তা প্রতিষ্ঠানটিকে একটি অনন্য অবস্থানে নিয়ে যাবে। এটি শুধুমাত্র একটি ব্যবসা নয়, বরং ঐতিহ্য, রুচি এবং আধুনিক প্রযুক্তির অনন্য সমন্বয় হিসেবে স্থানীয় অর্থনীতি ও সংস্কৃতিতে একটি গুরুত্বপূর্ণ ভূমিকা রাখবে।"গিয়াস মিষ্টান্ন ভান্ডার" ঐতিহ্য আর আধুনিকতার মিষ্টি মিলন এখন নতুন রূপে প্রস্তুত।

রাব্বি আহমেদ

প্রযুক্তি আমাদের কাছাকাছি এনেছে, কিন্তু হৃদয়ের দূরত্ব বাড়িয়েছে

আজকের পৃথিবী হাতের মুঠোয়। ঘুম ভাঙার সঙ্গে সঙ্গেই আমরা হাতে নিই মোবাইল ফোন। নোটিফিকেশন, মেসেজ, ভিডিও সবকিছু এক স্পর্শেই পাওয়া যায়। কিন্তু এই অগণিত সংযোগের মাঝেই মানুষ যেন ক্রমেই আরও নিঃসঙ্গ হয়ে উঠছে। প্রযুক্তি আমাদের কাছাকাছি এনেছে, অথচ হৃদয়ের দূরত্ব বেড়েই চলেছে। একসময় বন্ধুত্ব মানে ছিল আড্ডা, গল্প আর মাঠে খেলা। এখন বন্ধুত্ব মানে মেসেঞ্জারে 'রিঅ্যাক্ট' দেওয়া বা ইনস্টাগ্রামে মন্তব্য করা। ভার্চুয়াল সম্পর্ক বাস্তব সম্পর্কের বিকল্প হয়ে উঠছে। কিন্তু এতে কি সত্যিকারের বন্ধন তৈরি হয়? গবেষণায় দেখা গেছে, যারা সামাজিক যোগাযোগমাধ্যমে বেশি সময় দেন, তাদের মধ্যে মানসিক চাপ, আত্মসম্মানহীনতা ও একাকিত্বের প্রবণতা তুলনামূলক বেশি। অনলাইন জগতে সবাই নিজেদের সেরা রূপে দেখাতে চায়; ফলে অন্যের জীবনের সঙ্গে নিজের তুলনা করতে করতে আত্মবিশ্বাস হারিয়ে ফেলে অনেকেই।প্রতিদিন সকালে কেউ দেখে নেয়, কতজন তার স্টোরিতে 'ভিউ' দিয়েছে। সারাদিন ফোন চেক করে, নতুন মেসেজের অপেক্ষায় থাকে।

বাইরে থেকে সে সংযুক্ত মনে হলেও, রাতে একা ঘরে বসে অনুভব করে ভয়ংকর এক নিঃসঙ্গতা। এ যেন আমাদের প্রজন্মেরই প্রতিচ্ছবি, ডিজিটালে যত বেশি সক্রিয়, বাস্তবে তত বেশি একা। তবে প্রযুক্তি পুরোপুরি দায়ী নয়। দূর দেশে থাকা প্রিয়জনের সঙ্গে যোগাযোগ, অনলাইন সাপোর্ট গ্রুপ বা মানসিক স্বাস্থ্যসেবাড়সবই এর আশীর্বাদ। সমস্যা শুরু হয় তখন, যখন পর্দার মানুষ বাস্তবের মানুষকে ছাপিয়ে যায়। একাকিত্ব থেকে মুক্তি মানে প্রযুক্তি বর্জন নয়; বরং ভারসাম্য রক্ষা করা। সপ্তাহে অন্তত একদিন ডিজিটাল ডিটক্স করুনড়বন্ধু ও পরিবারের সঙ্গে সময় কাটান, বই পড়ুন, হাঁটুন, নিজের সঙ্গে সম্পর্ক গড়ুন। কারণ, প্রযুক্তি যদি মানবিক সম্পর্কের সেতু ভেঙে দেয়, তবে এই অগ্রগতি অর্থহীন। আমরা সবাই অনলাইনে সক্রিয়, কিন্তু যদি মন থেকে সংযুক্ত না থাকিড়তবে একে অপরের জীবনে আমরা কেবল নোটিফিকেশন মাত্র।

ভাইবোনের সম্পর্ক ও বোনের অধিকার: ইসলামের দৃষ্টিকোণ

মুহাম্মাদ মাহতাব হোসাইন

ভাইবোন একই মায়ের উদরে বড় হয়, একই পরিবারের লালন-পালন পায়। তাই তাদের সম্পর্ক অন্য যেকোনো সম্পর্কের চেয়ে আলাদা। রক্ত সম্পর্কের মধ্যে মা-বাবার পর সবচেয়ে ঘনিষ্ঠ সম্পর্ক ভাইবোনের। যদিও সব সময় তা প্রকাশ পায় না, তবে অনুভব করা যায়। ভাইবোনের আচরণে সহজতা ও কঠোরতার সংমিশ্রণ থাকে। তবে জীবনের দায়িত্ব ও অবস্থান বদলে গেলে এই পবিত্র সম্পর্ক কখনো ভাটা পড়ে। বিশেষ করে বাবা-মায়ের মৃত্যুর পর পৈতৃক সম্পত্তি নিয়ে উদ্ভূত অসঙ্গতি, যেখানে অনেক সময় ভাইরা বোনদের ন্যায্য অংশ দিতে গড়িমসি করে। অথচ ইসলামে বোনের অধিকার আদায়কে শুধুমাত্র ন্যায়বিচার নয়, বরং জান্নাত লাভের পথ হিসেবেও ঘোষণা করা হয়েছে। পবিত্র কোরআনে নির্দেশ রয়েছে: একজন বোন তার ভাইয়ের অর্ধেক অংশের মালিক হয়। ভাইয়ের ফরজ দায়িত্ব হলো বোনকে যথাযথ ওয়ারিশ প্রদান করা। যারা এই দায়িত্ব পালন করবে, আল্লাহ তায়ালা জান্নাতের সুসংবাদ দিয়েছেন। আর যারা বোনদের প্রাপ্য সম্পত্তি দিতে গড়িমসি করবে, তাদের জন্য ভয়াবহ শাস্তির সতর্কবাণী রয়েছে। কোরআনে আল্লাহ বলেন: "কেউ আল্লাহ ও তার রাসুলের অবাধ্য হলে এবং তার নির্ধারিত সীমা লঙ্ঘন করলে তিনি তাকে আগুনে নিক্ষেপ করবেন। সেখানে সে স্থায়ী হবে।" সামগ্রিকভাবে, ইসলাম কোনো বৈষম্য করেনি। ভাইয়ের দ্বিগুণ অংশ পাওয়ার কারণ হলো, পরিবারের যাবতীয় খরচ ও দায়িত্ব ভাইয়ের ওপর। বোনের জন্য যা নির্ধারণ করা হয়েছে, তা যথাযথভাবে প্রদান করা হলে তা যথাযথ ন্যায়বিচার। কেউ চাইলে ভাইও সমান অংশ বোনকে দিতে পারেন, যা প্রশংসনীয়।প্রকাশিত হাদিসে এসেছে, হজরত রাসুল (সা.) বলেছেন: "যার তিনটি মেয়ে বা তিনটি বোন আছে, সে তাদের প্রতি ভালো ব্যবহার করলে এবং তাদের অধিকার রক্ষা করলে তার জন্য জান্নাত নিশ্চিত।" বোন হলো মহান আল্লাহর অমূল্য নেয়ামত। বিপদে সহায়িকা, দুনিয়ায় সুখ ও পরকালে জান্নাতের মাধ্যমে বরকত। তাই আমাদের সচেতন হতে হবে, বোনদের প্রাপ্য সম্পত্তি যথাযথভাবে প্রদান করতে। তাদের মুখে হাসি ফোটালে তা শুধু দুনিয়ায় নয়, আখেরাতেও আমাদের কল্যাণ বয়ে আনবে।

গণভোট নিয়ে সিদ্ধান্ত যাই হোক, নির্বাচন ১৫ ফেব্রুয়ারির আগেই- প্রেস সচিব

সূর্যোদয় প্রতিবেদন

গণভোট ইস্যুতে চূড়ান্ত সিদ্ধান্ত যাই হোক না কেন, আগামী জাতীয় নির্বাচন আগামী ১৫ ফেব্রুয়ারির আগেই অনুষ্ঠিত হবে বলে জানিয়েছেন প্রধান উপদেষ্টার প্রেস সচিব শফিকুল আলম। তিনি বলেন, "কোনো শক্তিই এ নির্বাচন ঠেকাতে পারবে না।" শুক্রবার (৩১ অক্টোবর) দুপুরে নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ে (নোবিপ্রবি) জুলাই কন্যা ফাউন্ডেশন আয়োজিত এক অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে যোগ দিয়ে তিনি সাংবাদিকদের এ কথা বলেন। শফিকুল আলম বলেন, "বিভিন্ন রাজনৈতিক দল গণভোট প্রসঙ্গে তাদের মতামত দিয়েছে। আমরা এসবকে হুমকি হিসেবে দেখছি না। যা দেশের স্বার্থে ও গণতন্ত্রের জন্য উত্তম, প্রধান উপদেষ্টা সেটিই করবেন।" তিনি আরও জানান, আগামী ১৩ নভেম্বর আদালত শেখ হাসিনার বিচারের দিন নির্ধারণ করবেন। "সবকিছুই নিয়মতান্ত্রিক প্রক্রিয়ার মধ্য দিয়ে হবে," যোগ করেন তিনি। গণঅভ্যুত্থানে নারীদের ভূমিকার কথা উল্লেখ করে শফিকুল আলম বলেন, "স্বৈরাচার পতন ও গণঅভ্যুত্থানে পুরুষদের পাশাপাশি নারীরাও রাজপথে গুরুত্বপূর্ণ ভূমিকা রেখেছেন। এখন আর নারীরা পিছিয়ে নেই, সবক্ষেত্রেই তারা নেতৃত্ব দিচ্ছেন। আমরাও চাই নারীরা আরও এগিয়ে যাক।" এর আগে নোবিপ্রবি কেন্দ্রীয় অডিটোরিয়ামে 'মাইন্ডব্রিজ ও নলেজ কম্পিটিশন ২০২৫' শীর্ষক প্রতিযোগিতার উদ্বোধন হয়, যা তরুণদের জ্ঞান ও মেধার বিকাশে জুলাই কন্যা ফাউন্ডেশন আয়োজন করেছে। অনুষ্ঠানে ফাউন্ডেশনের সভাপতি জান্নাতুল নাঈম প্রমি সভাপতিত্ব করেন। আরও উপস্থিত ছিলেন বিশ্ববিদ্যালয়ের উপাচার্য প্রফেসর ড. মোহাম্মদ ইসমাইল, নোয়াখালীর অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক) মো. ইসমাঈল হোসেন এবং বিশ্ববিদ্যালয়ের শিক্ষক-শিক্ষার্থীরা।

রেকর্ড রানের পাহাড় ভেঙে ফাইনালে ভারত

সূর্যোদয় প্রতিবেদন

ওয়ানডে বিশ্বকাপের নকআউট পর্বে ইতিহাস গড়ল ভারত নারী দল। অস্ট্রেলিয়ার বিশাল ৩৩৮ রানের পাহাড় পেছনে ফেলে ভারতের মেয়েরা মাত্র ৯ বল বাকি থাকতে জয়ের হাসি হাসলেন, ৫ উইকেটে জয় নিশ্চিত করে তৃতীয়বারের মতো বিশ্বকাপের ফাইনালে পদার্পণ করলেন। বৃহস্পতিবার মুম্বাইয়ের ডক্টর ডিওয়াই স্পোর্টস একাডেমি মাঠে টস হেরে ব্যাট করতে নেমে অস্ট্রেলিয়া শুরুতেই ধাক্কা খায়। ২৫ রানে প্রথম উইকেট হারানোর পরও লিচফিল্ড ও পেরি ১৫৫ রানের বিশাল জুটি গড়ে দলকে ভরসা দেন। লিচফিল্ড ৯৩ বলে ১১৯ রানের ঝড়ো ইনিংস খেলেন, যেখানে ১৭টি চার ও ৩টি ছক্কা ছিলেন। পরবর্তীতে পেরি ৮৮ বলে ৭৭ রান যোগ করে দলের রান আরও বড় করেন। গার্ডনার ৪৫ বলে ৬৩ রানের ইনিংস খেললেও তিন রান আউটে সাজঘরে ফেরেন। এক বল বাকি থাকতে অস্ট্রেলিয়ার স্কোর অলআউট হয়। জবাবে নেমে ভারতের শুরুটা হলেও ভালো হয়নি। দ্বিতীয় ওভারে ওপেনার শেফালি ভার্মা ১০ রানে আউট হন। স্মৃতি মান্দানা ২৪ রানে আউট হলেও দলের মুকুটকে ধরে রাখেন অধিনায়ক হারমানপ্রিত কর ও জেমিমা রদ্রিগুয়েজ। তারা ১৬৭ রানের বিশাল জুটি গড়ে দলকে এগিয়ে নেন। কর ৮৮ বলে ৮৯ রান করেন, যেখানে ১০টি চার ও ২টি ছক্কা ছিল। এরপর দীপ্তি শর্মা ও রিচা ঘোষ ছোট ইনিংস